আমপারা

বাংলা অনুবাদ

www.pathagar.com

আমপারা

(বাংলা অনুবাদ)

সংকলক

মুহাম্মদ গোলাম কিবরিয়া

সম্পাদনা

মাওলানা মুহাম্মদ মূসা

এম.এম, এম.কম

সহযোগিতায়

অধ্যাপক সাব্বির আহমদ

এম.এম, এম.এ

আহসান পাবলিকেশন

বাংলাবাজার ❖ মগবাজার ❖ কাঁটাবন

www.pathagar.com

আমপারা
(বাংলা অনুবাদ)

প্রকাশনায়
আহসান পাবলিকেশন
৩৮/৩ বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন : ৭১২৫৬৬০, ০১৭২৮১১২২০০

Ahsan Publication
গ্রন্থ স্বত্ব
সংকলক

প্রকাশকাল
প্রথম প্রকাশ : নভেম্বর, ২০০২
চতুর্থ প্রকাশ : মে, ২০১৫

প্রচ্ছদ : নাসির উদ্দিন

কম্পোজ ও ছাপা
আহসান কম্পিউটার
কাঁটাবন মসজিদ ক্যাম্পাস, ঢাকা-১০০০
ফোন : ৮৬২২১৯৫

হাদিয়া : ষাট টাকা মাত্র

Al-Quran: Ampara Bengali Translation Compiled by Muhammad Golam Kibria Edited by Maolana Muhammad Musa and Prof. Sabbir Ahmad Published by Ahsan Publication 38/3, Banglabazar, Dhaka-1100 Fourth Edition May-2015, Price Tk. 60.00 only.

AP-16

www.pathagar.com

সূচিপত্র

নং	সূরার নাম	পৃষ্ঠা
০১.	সূরা আল-ফাতিহা (উদ্বোধন)	০৭
১১৪.	সূরা আন-নাস (মানব সম্প্রদায়)	০৮
১১৩.	সূরা আল-ফালাক (উষা)	০৯
১১২.	সূরা আল-ইখলাস (বিশুদ্ধতা/একনিষ্ঠতা)	১০
১১১.	সূরা আল-লাহাব (আবু লাহাব)	১১
১১০.	সূরা আন-নাসর (সাহায্য করা)	১২
১০৯.	সূরা আল-কাফিরূন (কাফের সম্প্রদায়)	১৩
১০৮.	সূরা আল-কাউসার (জান্নাতের নদী)	১৪
১০৭.	সূরা আল-মা'উন (সাধারণ প্রয়োজনীয় জিনিস)	১৫
১০৬.	সূরা আল-কুরাইশ (কুরাইশ গোত্র)	১৬
১০৫.	সূরা আল-ফীল (হাতী)	১৭
১০৪.	সূরা আল-হুমাযা (পশ্চাতে পরনিন্দা)	১৮
১০৩.	সূরা আল-আসর (সময়কাল)	১৯
১০২.	সূরা আত-তাকাছুর (প্রাচুর্য লাভের প্রতিযোগিতা)	২০
১০১.	সূরা আল-কারি'আ (মহাপ্রলয়)	২১
১০০.	সূরা আল-'আদিয়াত (উর্ধ্বশ্বাসে ধাবমান)	২৩
৯৯.	সূরা আল-যিলযাল (প্রবল প্রকম্পন)	২৫
৯৮.	সূরা আল-বায়্যিনাহ্ (সুস্পষ্ট দলীল)	২৬

www.pathagar.com

৯৭. সূরা আল-কাদর (মহিমান্বিত) ২৮

৯৬. সূরা আল-'আলাক (জমাটবাঁধা রক্ত) ২৯

৯৫. সূরা আত-তীন (আনজির, ডুমুর) ৩২

৯৪. সূরা ইনশিরাহ (প্রশস্ততা) ৩৪

৯৩. সূরা আদ-দুহা (পূর্বাহ্ন) ৩৫

৯২. সূরা আল-লাইল (রাত) ৩৭

৯১. সূরা আশ-শাম্‌স (সূর্য) ৪০

৯০. সূরা আল-বালাদ (মক্কা নগরী) ৪২

৮৯. সূরা আল-ফাজর (উষা) ৪৫

৮৮. সূরা আল-গাশিয়া (আচ্ছন্নকারী বিপদ) ৫০

৮৭. সূরা আল-আ'লা (সুউচ্চ, সুমহান) ৫৪

৮৬. সূরা আত-তারিক (রাতে আত্মপ্রকাশকারী তারকা) ৫৭

৮৫. সূরা আল-বুরূজ (সুদৃঢ় দুর্গময়) ৬০

৮৪. সূরা আল-ইনশিকাক (বিদীর্ণ হওয়া) ৬৪

৮৩. সূরা আল-মুতাফ্‌ফিফীন (ওজনে কারচুপিকারী) ৬৮

৮২. সূরা আল-ইনফিতার (বিদীর্ণ হওয়া) ৭৩

৮১. সূরা আত-তাকভীর (গুটিয়ে ফেলা এবং নিষ্প্রভ করা) ৭৬

৮০. সূরা 'আবাসা (ভ্রু কুঞ্চিত করা) ৮০

৭৯. সূরা আন-নাযি'আত (যারা নির্মমভাবে উৎপাটন করে) ৮৫

৭৮. সূরা আন-নাবা' (সংবাদ) ৯১

www.pathagar.com

১. সূরা আল-ফাতিহা (উদ্বোধন)

আয়াত ঃ ৭, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ۝

১. সমস্ত প্রশংসা বিশ্বজগতের প্রতিপালক আল্লাহর জন্য।

٢. الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

২. যিনি দয়াময়, পরম দয়ালু।

٣. مَالِكِ يَوْمِ الدِّيْنِ ۝

৩. বিচার দিনের মালিক।

٤. إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ ۝

৪. আমরা শুধু তোমারই ইবাদত করি এবং তোমারই সাহায্য প্রার্থনা করি।

٥. اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ۝

৫. আমাদেরকে সরল সঠিক পথ দেখাও।

٦. صِرَاطَ الَّذِيْنَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ۝

৬. তাদের পথে যাদেরকে তুমি অনুগ্রহ দান করেছ।

٧. غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ۝

৭. যারা অভিশপ্ত ও পথভ্রষ্ট তাদের পথে নয়।

www.pathagar.com

১১৪. সূরা আন-নাস (মানব সম্প্রদায়)

আয়াত ঃ ৬, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۝

১. বলো, আমি আশ্রয় চাই মানুষের প্রতিপালকের,

٢. مَلِكِ النَّاسِ ۝

২. মানুষের অধিপতির,

٣. اِلٰهِ النَّاسِ ۝

৩. মানুষের মা'বুদের,

٤. مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ الْخَنَّاسِ ۝

৪. আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হতে

٥. الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ ۝

৫. যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে।

٦. مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۝

৬. (কুমন্ত্রণা) জিনের মধ্য থেকে এবং মানুষের মধ্য থেকে।

www.pathagar.com

১১৩. সূরা আল-ফালাক (উষা)

আয়াত ঃ ৫, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۝

১. বলো, আমি আশ্রয় চাই উষার স্রষ্টার (আল্লাহর)।

٢. مِنْ شَرِّ مَا خَلَقَ ۝

২. তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে,

٣. وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۝

৩. অনিষ্ট হতে রাতের অন্ধকারের, যখন তা গভীর হয়।

٤. وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ۝

৪. এবং অনিষ্ট হতে সে সমস্ত নারীদের যারা গ্রন্থিতে ফুৎকার দেয়।

٥. وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ۝

৫. এবং অনিষ্ট হতে হিংসুকের, যখন সে হিংসা করে।

www.pathagar.com

১১২. সূরা আল-ইখলাস (বিশুদ্ধতা/একনিষ্ঠতা)

আয়াত ঃ ৪, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۝

১. বলো, তিনিই আল্লাহ, এক অদ্বিতীয়,

٢. اَللّٰهُ الصَّمَدُ ۝

২. আল্লাহ কারও মুখাপেক্ষী নন, সকলেই তাঁর মুখাপেক্ষী;

٣. لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۝

৩. তিনি কাকেও জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি।

٤. وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۝

৪. এবং তাঁর সমতুল্য কেউ নেই।

www.pathagar.com

১১১. সূরা আল-লাহাব (আবু লাহাব)

আয়াত ঃ ৫, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. تَبَّتْ يَدَآ اَبِىْ لَهَبٍ وَّتَبَّ ۝١

১. ধ্বংস হলো আবু লাহাবের দুই হাত এবং ধ্বংস হলো সে নিজেও।

٢. مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۝٢

২. তার ধন-সম্পদ ও তার উপার্জন তার কোন কাজে আসেনি।

٣. سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۝٣

৩. অচিরে সে প্রবেশ করবে লেলিহান অগ্নিতে।

٤. وَّامْرَاَتُهٗ ۚ حَمَّالَةَ الْحَطَبِ ۝٤

৪. এবং তার স্ত্রীও যে জ্বালানি কাঠ বহন করে

٥. فِىْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۝٥

৫. তার গলদেশে পাকান খেজুরের রশি থাকবে।

www.pathagar.com

১১০. সূরা আন-নাসর (সাহায্য করা)

আয়াত ঃ ৩, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ۝

১. যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয়,

٢. وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ۝

২. এবং তুমি দেখবে মানুষেরা দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করছে,

٣. فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ؕ اِنَّهٗ كَانَ تَوَّابًا ۝

৩. তখন তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ও মহিমা ঘোষণা করবে এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করবে, তিনিই তো তওবা কবুলকারী।

www.pathagar.com

১০৯. সূরা আল-কাফিরূন (কাফের সম্প্রদায়)

আয়াত ঃ ৬, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. قُلْ يٰٓاَيُّهَا الْكٰفِرُوْنَ ۝

১. বলো, হে কাফেররা!

٢. لَآ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ۝

২. আমি তার 'ইবাদত করি না যার 'ইবাদত তোমরা করো।

٣. وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ۝

৩. এবং তোমরাও তাঁর 'ইবাদতকারী নও, যাঁর 'ইবাদত আমি করি,

٤. وَلَآ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ ۝

৪. এবং আমি 'ইবাদতকারী নই তার, যার 'ইবাদত তোমরা করো।

٥. وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ۝

৫. এবং তোমরাও তাঁর 'ইবাদতকারী নও, যাঁর 'ইবাদত আমি করি।

٦. لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ۝

৬. তোমাদের দ্বীন তোমাদের, আমার দ্বীন আমার।

www.pathagar.com

১০৮. সূরা আল-কাউসার (জান্নাতের নদী)

আয়াত ঃ ৩, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ۝

১. আমি অবশ্যই তোমাকে কাউসার দান করেছি।

٢. فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ۝

২. সুতরাং তুমি তোমার প্রতিপালকের উদ্দেশ্যে নামায পড়ো এবং কুরবানী করো।

٣. اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ ۝

৩. নিশ্চয় তোমার প্রতি বিদ্বেষ পোষণকারীই-তো নির্বংশ।

www.pathagar.com

১০৭. সূরা আল-মা'উন (সাধারণ প্রয়োজনীয় জিনিস)

আয়াত ঃ ৭, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ ۝

১. তুমি কি দেখেছো তাকে, যে দ্বীনকে (আল্লাহর বিধান) অস্বীকার করে?

٢. فَذٰلِكَ الَّذِىْ يَدُعُّ الْيَتِيْمَ ۝

২. সে তো সেই (ব্যক্তি), যে ইয়াতীমকে রূঢ়ভাবে তাড়িয়ে দেয়

٣. وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ۝

৩. এবং সে অভাবগ্রস্তকে খাদ্যদানে উৎসাহিত করে না।

٤. فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ۝

৪. সুতরাং দুর্ভোগ সেই নামায আদায়কারীদের,

٥. الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ۝

৫. যারা তাদের নামায সম্বন্ধে উদাসীন,

٦. الَّذِيْنَ هُمْ يُرَاءُوْنَ ۝

৬. যারা লোক দেখানোর জন্য ইবাদত করে,

٧. وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ ۝

৭. এবং গৃহস্থালির প্রয়োজনীয় ছোটখাট জিনিস দানে বিরত থাকে।

www.pathagar.com

১০৬. সূরা আল-কুরাইশ (কুরাইশ গোত্র)

আয়াত ঃ ৪, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. لِاِيْلٰفِ قُرَيْشٍ ۝

১. যেহেতু কুরাইশরা অভ্যস্ত হয়েছে।

٢. اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ ۝

২. অভ্যস্ত হয়েছে তারা শীত ও গ্রীষ্মে সফরের।

٣. فَلْيَعْبُدُوْا رَبَّ هٰذَا الْبَيْتِ ۝

৩. অতএব তারা ইবাদত করুক এ (কাবা) ঘরের (আল্লাহর) মালিকের,

٤. الَّذِيْٓ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۝

৪. যিনি তাদেরকে ক্ষুধায় আহার দিয়েছেন এবং ভয়ভীতি থেকে নিরাপদ করেছেন।

www.pathagar.com

১০৫. সূরা আল-ফীল (হাতী)

আয়াত ঃ ৫, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ۝

১. তুমি কি দেখোনি তোমার প্রতিপালক হস্তীর অধিপতিদের প্রতি কী প্রতিকার করেছিলেন?

٢. اَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِىْ تَضْلِيْلٍ ۝

২. তিনি কি তাদের কৌশল ব্যর্থ করে দেননি?

٣. وَّاَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيْلَ ۝

৩. তাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণ করেন।

٤. تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ۝

৪. যারা তাদের উপর প্রস্তর-কংকর নিক্ষেপ করছিল।

٥. فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاْكُوْلٍ ۝

৫. তিনি তাদেরকে চর্বিত তৃণ সদৃশ করে দেন।

www.pathagar.com

১০৪. সূরা আল-হুমাযা (পশ্চাতে পরনিন্দা)

আয়াত ঃ ৯, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِۨ ۝

১. দুর্ভোগ এমন প্রত্যেকের যে পশ্চাতে ও সম্মুখে লোকদের নিন্দা করে,

٢. الَّذِىْ جَمَعَ مَالاً وَّعَدَّدَهٗ ۝

২. যে অর্থ-সম্পদ জমায় ও তা বারবার গণনা করে;

٣. يَحْسَبُ اَنَّ مَالَهٗٓ اَخْلَدَهٗ ۝

৩. সে ধারণা করে যে, তার অর্থ-সম্পদ তাকে অমর করে রাখবে।

٤. كَلَّا لَيُنْۢبَذَنَّ فِى الْحُطَمَةِ ۝

৪. কখনও নয়, সে অবশ্যই নিক্ষিপ্ত হবে হুতামায় (চূর্ণ-বিচূর্ণকারী অগ্নি);

٥. وَمَآ اَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ۝

৫. তুমি কি জানো হুতামা কী?

٦. نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ۝

৬. তা আল্লাহর প্রজ্বলিত আগুন,

٧. الَّتِىْ تَطَّلِعُ عَلَى الْاَفْئِدَةِ ۝

৭. যা হৃদয়কে গ্রাস করবে।

www.pathagar.com

٨. إِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۝

৮. নিশ্চয় তা তাদেরকে (পাপীদের) পরিবেষ্টন করে রাখবে।

٩. فِي عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝

৯. যা লম্বা লম্বা স্তম্ভসমূহে নির্মিত।

---

১০৩. সূরা আল-আসর (সময়কাল)

আয়াত ঃ ৩, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالْعَصْرِ ۝

১. সময়ের শপথ।

٢. إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ ۝

২. মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে ডুবে আছে।

٣. إِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۙ وَتَوَاصَوْا بِالصَّبْرِ ۝

৩. কিন্তু তারা ছাড়া, যারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয় ও ধৈর্যধারণের উপদেশ দেয়।

www.pathagar.com

১০২. সূরা আত-তাকাছুর (প্রাচুর্য লাভের প্রতিযোগিতা)

আয়াত ঃ ৮, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اَلْهٰكُمُ التَّكَاثُرُ ۙ

১. প্রাচুর্যের প্রতিযোগিতা তোমাদেরকে মোহাচ্ছন্ন করে রেখেছে।

٢. حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ؕ

২. যতক্ষণ না তোমরা কবরে উপনীত হও।

٣. كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ۙ

৩. এ প্রতিযোগিতা কখনো সংগত নয়, তোমরা শীঘ্রই এর পরিণতি জানতে পারবে।

٤. ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ؕ

৪. আবার বলি, এ আচরণ সংগত নয়, তোমরা শীঘ্রই এর পরিণতি জানতে পারবে।

٥. كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ؕ

৫. সাবধান! তোমাদের নিশ্চিত জ্ঞান থাকলে অবশ্যই তোমরা মোহাচ্ছন্ন হতে না।

٦. لَتَرَوُنَّ الْجَحِيْمَ ۙ

৬. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে।

www.pathagar.com

٧. ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ۝

৭. আবার বলি, তোমরা অবশ্যই তা দেখবে চাক্ষুষ দৃষ্টিতে

٨. ثُمَّ لَتُسْئَلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ ۝

৮. এরপর অবশ্যই সেদিন তোমাদেরকে সমস্ত নিয়ামত সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করা হবে।

---

১০১. সূরা আল-কারি'আ (মহাপ্রলয়)

আয়াত ঃ ১১, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اَلْقَارِعَةُ ۝

১. মহাপ্রলয়,

٢. مَا الْقَارِعَةُ ۝

২. মহাপ্রলয় কী?

٣. وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ۝

৩. মহাপ্রলয় সম্বন্ধে তুমি কী জানো?

٤. يَوْمَ يَكُوْنُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ۝

৪. সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মতো।

www.pathagar.com

٥. وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ۝٥

৫. এবং পর্বতমালা হবে ধূনিত রংগিন পশমের মতো।

٦. فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ۝٦

৬. অতএব, তখন যার পাল্লা ভারি হবে,

٧. فَهُوَ فِىْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ۝٧

৭. সে লাভ করবে সন্তোষজনক জীবন (জান্নাতে)।

٨. وَاَمَّا مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ ۝٨

৮. কিন্তু যার পাল্লা হালকা হবে

٩. فَاُمُّهٗ هَاوِيَةٌ ۝٩

৯. তার আশ্রয় স্থান 'হাবিয়া' (অতল গুহা)।

١٠. وَمَآ اَدْرٰىكَ مَاهِيَهْ ۝١٠

১০. তুমি কি জানো তা কী?

١١. نَارٌ حَامِيَةٌ ۝١١

১১. তা অতি উত্তপ্ত আগুন।

www.pathagar.com

১০০. সূরা আল-'আদিয়াত (ঊর্ধ্বশ্বাসে ধাবমান)

আয়াত ঃ ১১, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالْعٰدِيٰتِ ضَبْحًا ۙ

১. শপথ ঊর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজির

٢. فَالْمُوْرِيٰتِ قَدْحًا ۙ

২. যারা ক্ষুরাঘাতে অগ্নি-স্ফুলিংগ বিচ্ছুরিত করে।

٣. فَالْمُغِيْرٰتِ صُبْحًا ۙ

৩. যারা অভিযান করে প্রভাতকালে।

٤. فَاَثَرْنَ بِهٖ نَقْعًا ۙ

৪. এবং সে সময়ে ধূলি উৎক্ষিপ্ত করে;

٥. فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ۙ

৫. অতঃপর শত্রুদের অভ্যন্তরে ঢুকে পড়ে।

٦. اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ۚ

৬. মানুষ অবশ্যই তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ।

٧. وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ لَشَهِيْدٌ ۚ

৭. এবং সে নিজেই তার এ কৃতকর্মের সাক্ষী।

www.pathagar.com

٨. وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ ⑧

৮. এবং অবশ্যই সে ধন-সম্পদের আসক্তিতে প্রবল।

٩. أَفَلَا يَعْلَمُ إِذَا بُعْثِرَ مَا فِي الْقُبُورِ ⑨

৯. তবে কি সে সেই সম্পর্কে অবহিত নয় যখন কবরে যা আছে তা উত্থিত হবে।

١٠. وَحُصِّلَ مَا فِي الصُّدُورِ ⑩

১০. এবং অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে?

١١. إِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيرٌ ⑪

১১. সেদিন তাদের যা ঘটবে, তাদের প্রতিপালক অবশ্যই তা সবিশেষ অবহিত।

www.pathagar.com

৯৯. সূরা আল-যিলযাল (প্রবল প্রকম্পন)

আয়াত ঃ ৮, রুকূ ঃ ১, মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا ۙ

১. পৃথিবী যখন আপন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হবে।

٢. وَاَخْرَجَتِ الْاَرْضُ اَثْقَالَهَا ۙ

২. এবং পৃথিবী যখন তার ভেতরকার ভার বের করে দেবে।

٣. وَقَالَ الْاِنْسَانُ مَالَهَا ۚ

৩. তখন মানুষ বলবে, এর কী হলো?

٤. يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا ۙ

৪. সেদিন পৃথিবী তাতে সংঘটিত সমস্ত ঘটনা বর্ণনা করবে।

٥. بِاَنَّ رَبَّكَ اَوْحٰى لَهَا ۙ

৫. কারণ তোমার প্রতিপালক তাকে এরূপ আদেশ করবেন।

٦. يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا ۙ لِّيُرَوْا اَعْمَالَهُمْ ۙ

৬. সেদিন মানুষ ভিন্ন ভিন্ন দলে বের হবে, যাতে তাদেরকে তাদের কৃতকর্ম দেখানো যায়।

٧. فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ ۙ

৭. অতএব কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে সে তা দেখবে।

٨. وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ ۚ

৮. এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে সে তাও দেখবে।

www.pathagar.com

৯৮. সূরা আল-বায়্যিনাহ্ (সুস্পষ্ট দলীল)

আয়াত ঃ ৮, রুকূ ঃ ১, মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. لَمْ يَكُنِ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ مُنْفَكِّيْنَ حَتّٰى تَاْتِيَهُمُ الْبَيِّنَةُ ۙ

১. কিতাবীদের মধ্যে যারা কুফরি করেছিল তারা এবং মুশরিকরা আপন মতে অবিচলিত ছিল, যে পর্যন্ত না তাদের কাছে সুস্পষ্ট দলীল-প্রমাণ এলো।

٢. رَسُوْلٌ مِّنَ اللّٰهِ يَتْلُوْا صُحُفًا مُّطَهَّرَةً ۙ

২. আল্লাহর নিকট থেকে এক রাসূল যে আবৃত্তি করে পবিত্র গ্রন্থ,

٣. فِيْهَا كُتُبٌ قَيِّمَةٌ ؕ

৩. যাতে আছে সঠিক বিধানসমূহ।

٤. وَمَا تَفَرَّقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنَةُ ؕ

৪. যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তারাও তো বিভক্ত হলো তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরও।

٥. وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۙ حُنَفَآءَ وَيُقِيْمُوا الصَّلٰوةَ وَيُؤْتُوا الزَّكٰوةَ وَذٰلِكَ دِيْنُ الْقَيِّمَةِ ؕ

www.pathagar.com

৫. তারা তো আদিষ্ট হয়েছে আল্লাহর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে একনিষ্ঠভাবে তাঁর ইবাদত করতে এবং নামায কায়েম করতে ও যাকাত দিতে, এটিই সঠিক দ্বীন।

٦. اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ فِىْ نَارِ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ؕ اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ۝

৬. কিতাবীদের মধ্যে যারা কুফরি করে তারা এবং মুশরিকরা নিন্দিতভাবে জাহান্নামের আগুনে স্থায়ীভাবে অবস্থান করবে; তারাই সৃষ্টির অধম।

٧. اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ اُولٰٓئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ۝

৭. নিশ্চয় যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তারাই সৃষ্টির সেরা।

٨. جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ رَضِىَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ؕ ذٰلِكَ لِمَنْ خَشِىَ رَبَّهٗ ۝

৮. তাদের প্রতিপালকের কাছে আছে তাদের পুরস্কার– স্থায়ী জান্নাত, যার তলদেশে নদী প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। আল্লাহ তাদের প্রতি প্রসন্ন এবং তারাও তাতে সন্তুষ্ট। এ পুরস্কার তার জন্য, যে তার প্রতিপালককে ভয় করে।

www.pathagar.com

৯৭. সূরা আল-কাদর (মহিমান্বিত)

আয়াত ঃ ৫, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِنَّآ اَنْزَلْنٰهُ فِىْ لَيْلَةِ الْقَدْرِ ۝

১. নিশ্চয় আমি তা' (কুরআন) অবতীর্ণ করেছি মহিমান্বিত রাতে;

٢. وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ۝

২. তুমি কী জানো সেই মহিমান্বিত রাতটি সম্বন্ধে?

٣. لَيْلَةُ الْقَدْرِ ۙ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ۝

৩. মহিমান্বিত রাতটি হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ।

٤. تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ۚ مِنْ كُلِّ اَمْرٍ ۝

৪. সে রাতে ফিরিশতাগণ ও রূহ অবতীর্ণ হয়, প্রত্যেক কাজে তাদের প্রতিপালকের অনুমতিক্রমে।

٥. سَلٰمٌ ۛ هِىَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ۝

৫. শান্তিই শান্তি, সে রাতে উষার আবির্ভাব পর্যন্ত।

www.pathagar.com

৯৬. সূরা আল-'আলাক (জমাটবাঁধা রক্ত)

আয়াত ঃ ১৯, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ ۚ

১. পাঠ করো, তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন।

٢. خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۚ

২. তিনি সৃষ্টি করেছেন মানুষকে 'আলাক' (রক্তপিণ্ড) থেকে।

٣. اِقْرَاْ وَرَبُّكَ الْاَكْرَمُ ۙ

৩. পাঠ করো, আর তোমার প্রতিপালক মহামহিমান্বিত,

٤. الَّذِىْ عَلَّمَ بِالْقَلَمِ ۙ

৪. যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন।

٥. عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ؕ

৫. শিক্ষা দিয়েছেন মানুষকে, যা সে জানতো না।

٦. كَلَّآ اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰٓى ۙ

৬. কখনো নয়, মানুষ তো সীমালঙ্ঘন করেই থাকে।

www.pathagar.com

٧. اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ۝

৭. কারণ সে নিজকে অভাবমুক্ত মনে করে।

٨. اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ۝

৮. অথচ তোমাকে অবশ্যই তোমার প্রতিপালকের কাছে ফিরে যেতে হবে।

٩. اَرَءَيْتَ الَّذِىْ يَنْهٰى ۝

৯. তুমি কি তাকে দেখেছো, যে বাধা দেয়।

١٠. عَبْدًا اِذَا صَلّٰى ۝

১০. এক বান্দাকে, যখন সে নামায পড়ে?

١١. اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى ۝

১১. তুমি লক্ষ্য করেছো কি, যদি সে সৎপথে থাকে।

١٢. اَوْ اَمَرَ بِالتَّقْوٰى ۝

১২. অথবা তাকওয়ার নির্দেশ দেয়,

١٣. اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ۝

১৩. তুমি লক্ষ্য করেছ কি যদি সে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরিয়ে লয়।

www.pathagar.com

١٤. اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ۝

১৪. তবে সে কি জানে না যে, আল্লাহ দেখেন?

١٥. كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ۝

১৫. সাবধান, সে যদি বিরত না হয় তবে আমি তাকে অবশ্যই হেঁচড়িয়ে নিয়ে যাবো, মস্তকের সম্মুখভাগের কেশগুচ্ছ ধরে।

١٦. نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ۝

১৬. মিথ্যাচারী, পাপিষ্ঠের কেশগুচ্ছ।

١٧. فَلْيَدْعُ نَادِيَهٗ ۝

১৭. অতএব সে তার সমর্থকদের আহ্বান করুক।

١٨. سَنَدْعُ الزَّبَانِيَةَ ۝

১৮. আমিও আহ্বান করবো জাহান্নামের প্রহরীদের।

١٩. كَلَّا ۭ لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۝

১৯. সাবধান! তুমি তার অনুসরণ করো না, আমাকে সিজদা করো ও আমার নিকটবর্তী হও। (সাজদা)

www.pathagar.com

৯৫. সূরা আত-তীন (আনজির, ডুমুর)

আয়াত ঃ ৮, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ۝

১. শপথ 'তীন' (ডুমুর) ও 'যায়তূন'-এর,

٢. وَطُوْرِ سِيْنِيْنَ ۝

২. শপথ তূর পাহাড় ও সীনাই উপদ্বীপের।

٣. وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ ۝

৩. এবং শপথ এই নিরাপদ নগরীর (মক্কা),

٤. لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ تَقْوِيْمٍ ۝

৪. আমিই তো মানুষকে সৃষ্টি করেছি সুন্দরতম কাঠামোয়।

٥. ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ ۝

৫. অতঃপর আমি তাকে উল্টো ফিরিয়ে দিয়েছি হীন থেকে হীনতম স্তরে

٦. اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ۝

www.pathagar.com

৬. কিন্তু যারা মু'মিন ও সৎকর্মপরায়ণ তাদের জন্য রয়েছে অফুরন্ত পুরস্কার।

٧. فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ۝

৭. সুতরাং এরপর কিসে তোমাকে কর্মফল (শাস্তি ও পুরস্কার) সম্বন্ধে অবিশ্বাসী করে?

٨. اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ ۝

৮. আল্লাহ কি সমস্ত বিচারকের তুলনায় সর্বশ্রেষ্ঠ বিচারক নন?

www.pathagar.com

৯৪. সূরা ইনশিরাহ (প্রশস্ততা)

আয়াত ঃ ৮, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۝

১. আমি কি তোমার বক্ষ তোমার কল্যাণে প্রশস্ত করে দেইনি?

٢. وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۝

২. আমি অপসারণ করেছি তোমার ভার

٣. الَّذِىْ اَنْقَضَ ظَهْرَكَ ۝

৩. যা তোমার মেরুদণ্ডকে ভেঙ্গে দিচ্ছিল।

٤. وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ۝

৪. এবং আমি তোমার খ্যাতিকে সমুন্নত করেছি।

٥. فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝

৫. নিশ্চয় কষ্ট-কাঠিন্যের সাথেই আছে সহজতা।

٦. اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝

৬. অবশ্যই প্রত্যেক কষ্ট-কাঠিন্যের সাথে আছে সহজতা।

٧. فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ۝

৭. অতএব তুমি যখনই অবসর পাও একান্তে আল্লাহর ইবাদতে মশগুল হও।

٨. وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ ۝

৮. এবং তোমার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করো।

www.pathagar.com

৯৩. সূরা আদ-দুহা (পূর্বাহ্ন)

আয়াত ঃ ১১, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالضُّحٰى ۝

১. শপথ মধ্য দিনের,

٢. وَالَّيْلِ اِذَا سَجٰى ۝

২. শপথ রাতের যখন তা হয় নিঝুম,

٣. مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى ۝

৩. তোমার প্রতিপালক তোমাকে ত্যাগ করেননি এবং তোমার প্রতি বিরূপও হননি।

٤. وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى ۝

৪. নিশ্চয় তোমার জন্য পরবর্তী সময় হবে পূর্ববর্তী সময় অপেক্ষা অধিক কল্যাণময়।

٥. وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى ۝

৫. অচিরেই তোমার প্রতিপালক তোমাকে এত অনুগ্রহ দান করবেন যে তুমি সন্তুষ্ট হয়ে যাবে।

www.pathagar.com

٦. أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَىٰ ۝

৬. তিনি কি তোমাকে ইয়াতীম অবস্থায় পাননি আর তোমাকে আশ্রয় দান করেননি?

٧. وَوَجَدَكَ ضَالًّا فَهَدَىٰ ۝

৭. তিনি তোমাকে পেলেন পথ সম্পর্কে অনবহিত, অতঃপর পথ দেখালেন।

٨. وَوَجَدَكَ عَائِلًا فَأَغْنَىٰ ۝

৮. তিনি তোমাকে পেলেন নিঃস্ব অবস্থায়, অতঃপর অভাবমুক্ত করলেন।

٩. فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ ۝

৯. অতএব তুমি ইয়াতীমের প্রতি কঠোরতা প্রদর্শন করবে না।

١٠. وَأَمَّا السَّائِلَ فَلَا تَنْهَرْ ۝

১০. এবং প্রার্থীকে ভর্ৎসনা করো না।

١١. وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ۝

১১. আর তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহের কথা প্রচার করতে থাকো।

www.pathagar.com

৯২. সূরা আল-লাইল (রাত)

আয়াত ঃ ২১, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالَّيْلِ اِذَا يَغْشٰى ۝

১. শপথ রাতের, যখন সে চারদিক আচ্ছন্ন করে,

٢. وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى ۝

২. শপথ দিনের, যখন তা আলোকিত হয়।

٣. وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْاُنْثٰٓى ۝

৩. এবং শপথ তাঁর, যিনি নর ও নারী সৃষ্টি করেছেন

٤. اِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى ۝

৪. অবশ্যই তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন ধরনের।

٥. فَاَمَّا مَنْ اَعْطٰى وَاتَّقٰى ۝

৫. সুতরাং কেউ দান করলে এবং মুত্তাকী হলে

٦. وَصَدَّقَ بِالْحُسْنٰى ۝

৬. এবং সৎকর্মকে সত্য বলে গ্রহণ করলে।

٧. فَسَنُيَسِّرُهٗ لِلْيُسْرٰى ۝

৭. আমি তার জন্য সুগম করে দেবো সহজ পথ।

www.pathagar.com

٨. وَاَمَّا مَنْۢ بَخِلَ وَاسْتَغْنٰى ۙ

৮. আর কেউ কার্পণ্য করলে ও নিজকে স্বয়ংসম্পূর্ণ মনে করলে,

٩. وَكَذَّبَ بِالْحُسْنٰى ۙ

৯. আর যা উত্তম তা অস্বীকার করলে,

١٠. فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى ؕ

১০. তার জন্য আমি সুগম করে দেবো কঠোর পথ।

١١. وَمَا يُغْنِىْ عَنْهُ مَالُهٗۤ اِذَا تَرَدّٰى ؕ

১১. এবং তার ধন-সম্পদ তার কোন কাজে আসবে না,
যখন সে ধ্বংস হবে।

١٢. اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى ۙ

১২. নিশ্চয় পথ নির্দেশ করা আমারই দায়িত্ব।

١٣. وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى ۔

১৩. আর আমি তো মালিক পরলোকের ও ইহলোকের।

١٤. فَاَنْذَرْتُكُمْ نَارًا تَلَظّٰى ۚ

১৪. আমি তোমাদেরকে লেলিহান শিখা সম্পর্কে সতর্ক করে দিয়েছি।

١٥. لَا يَصْلٰىهَاۤ اِلَّا الْاَشْقَى ۙ

১৫. তাতে প্রবেশ করবে সে-ই, যে নিতান্ত হতভাগ্য,

www.pathagar.com

١٦. الَّذِىْ كَذَّبَ وَتَوَلّٰى ۝

১৬. যে অস্বীকার করে ও মুখ ফিরিয়ে নেয়।

١٧. وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى ۝

১৭. আর তা থেকে দূরে রাখা হবে পরম মুত্তাকীকে,

١٨. الَّذِىْ يُؤْتِىْ مَالَهٗ يَتَزَكّٰى ۝

১৮. যে নিজ সম্পদ দান করে আত্মশুদ্ধির জন্য,

١٩. وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ تُجْزٰٓى ۝

১৯. তার প্রতি কারো কোন অনুগ্রহ নেই যার প্রতিদান তাকে দিতে হবে।

٢٠. اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى ۝

২০. কেবল তার অতি মহান প্রতিপালকের সন্তুষ্টির প্রত্যাশায় (সে দান করে);

٢١. وَلَسَوْفَ يَرْضٰى ۝

২১. সে তো অচিরেই সন্তোষ লাভ করবে (জান্নাত লাভ করবে)।

www.pathagar.com

৯১. সূরা আশ-শাম্‌স (সূর্য)

আয়াত ঃ ১৫, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالشَّمْسِ وَضُحٰهَا ۝

১. শপথ সূর্যের এবং তার কিরণের,

٢. وَالْقَمَرِ اِذَا تَلٰهَا ۝

২. শপথ চাঁদের, যখন তা সূর্যের পর আবির্ভূত হয়,

٣. وَالنَّهَارِ اِذَا جَلّٰهَا ۝

৩. শপথ দিনের, যখন সে তাকে (সূর্যকে) প্রকাশ করে,

٤. وَالَّيْلِ اِذَا يَغْشٰهَا ۝

৪. শপথ রাতের, যখন সে তাকে (সূর্যকে) আচ্ছাদিত করে,

٥. وَالسَّمَآءِ وَمَا بَنٰهَا ۝

৫. শপথ আকাশের এবং যিনি তা নির্মাণ করেছেন তাঁর,

٦. وَالْاَرْضِ وَمَا طَحٰهَا ۝

৬. শপথ পৃথিবীর এবং যিনি তাকে বিস্তৃত করেছেন তাঁর,

٧. وَنَفْسٍ وَّمَا سَوّٰهَا ۝

৭. শপথ মানুষের এবং তাঁর, যিনি তাকে সুঠাম করেছেন,

٨. فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰهَا ۝

৮. অতঃপর তাকে অসৎকর্ম ও সৎকর্মের অনুভূতি দান করেছেন।

www.pathagar.com

٩. قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰهَا ۝

৯. সে-ই নিশ্চিত সফলকাম হয়েছে যে নিজেকে পরিশুদ্ধ করেছে।

١٠. وَقَدْ خَابَ مَنْ دَسّٰهَا ۝

১০. এবং নিশ্চিত সে-ই ব্যর্থ হয়েছে যে নিজেকে কলুষাচ্ছন্ন করেছে।

١١. كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰهَآ ۝

১১. ছামূদ সম্প্রদায় অবাধ্যতাবশত অস্বীকার করেছিল।

١٢. اِذِ انْۢبَعَثَ اَشْقٰهَا ۝

১২. তাদের মধ্যে যে সর্বাধিক হতভাগ্য, সে যখন তৎপর হয়ে উঠলো (উষ্ট্রী হত্যার জন্য)।

١٣. فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ۝

১৩. তখন আল্লাহর রাসূল তাদেরকে বললো, এটি আল্লাহর উষ্ট্রী এবং তাকে পানি পান করবার বিষয়ে সাবধান হও।

١٤. فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا ۖ فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ

بِذَنْۢبِهِمْ فَسَوّٰهَا ۝

১৪. কিন্তু তারা রাসূলকে অস্বীকার করলো এবং তাকে হত্যা করে ফেললো (উটনীকে)। তাদের পাপের জন্য তাদের প্রতিপালক তাদেরকে পাহাড় চাপা দিয়ে সমূলে ধ্বংস করে একাকার করে দিলেন।

١٥. وَلَا يَخَافُ عُقْبٰهَا ۝

১৫. এবং এ কাজে পরিণাম সম্পর্কে তিনি (আল্লাহ) ভয় করেন না।

www.pathagar.com

৯০. সূরা আল-বালাদ (মক্কা নগরী)

আয়াত ঃ ২০, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ۝

১. না, আমি শপথ করছি এ (মক্কা) নগরীর।

٢. وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ ۝

২. আর এ নগরীতেই তোমাকে (হত্যার জন্য) হালাল বানিয়ে নেয়া হয়েছে।

٣. وَوَالِدٍ وَّمَا وَلَدَ ۝

৩. শপথ জন্মদাতার এবং যা সে জন্ম দিয়েছে তার।

٤. لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِىْ كَبَدٍ ۝

৪. আমি তো মানুষ সৃষ্টি করেছি কষ্ট-ক্লেশের মধ্যে জীবন যাপনের জন্য।

٥. اَيَحْسَبُ اَنْ لَّنْ يَّقْدِرَ عَلَيْهِ اَحَدٌ ۝

৫. সে কি মনে করে যে, কখনও তার উপর কেউ ক্ষমতাবান হবে না?

٦. يَقُوْلُ اَهْلَكْتُ مَالًا لُّبَدًا ۝

৬. সে বলে, আমি প্রচুর অর্থ নিঃশেষ করেছি।

www.pathagar.com

٧. اَيَحْسَبُ اَنْ لَّمْ يَرَهٗٓ اَحَدٌ ۝

৭. সে কি মনে করে যে, তাকে কেউ দেখেনি?

٨. اَلَمْ نَجْعَلْ لَّهٗ عَيْنَيْنِ ۝

৮. আমি কি তার জন্য সৃষ্টি করিনি দু'চোখ?

٩. وَلِسَانًا وَّشَفَتَيْنِ ۝

৯. আর জিহ্বা ও দুই ঠোঁট?

١٠. وَهَدَيْنٰهُ النَّجْدَيْنِ ۝

১০. আর আমি তাকে দু'টি পথ দেখিয়েছি (ভালো ও মন্দ)।

١١. فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ ۝

১১. সে তো বন্ধুর গিরিপথ অতিক্রম করেনি।

١٢. وَمَآ اَدْرٰىكَ مَا الْعَقَبَةُ ۝

১২. তুমি কি জানো সেই বন্ধুর গিরিপথ কী?

١٣. فَكُّ رَقَبَةٍ ۝

১৩. তা হচ্ছে দাসমুক্তি।

١٤. اَوْ اِطْعٰمٌ فِىْ يَوْمٍ ذِىْ مَسْغَبَةٍ ۝

১৪. অথবা দুর্ভিক্ষের দিনে আহার্যদান

١٥. يَّتِيْمًا ذَا مَقْرَبَةٍ ۝

১৫. নিকটবর্তী ইয়াতীমকে,

www.pathagar.com

١٦. اَوْ مِسْكِيْنًا ذَا مَتْرَبَةٍ ۝

১৬. অথবা দারিদ্র্য-নিষ্পেষিত ধূলিমলিন নিঃস্বকে,

١٧. ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ۝

১৭. তদুপরি অন্তর্ভুক্ত হওয়া মুমিনদের সাথে এবং তাদের সাথে যারা পরস্পরকে উপদেশ দেয় ধৈর্যধারণের ও দয়া দাক্ষিণ্যের;

١٨. اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ۝

১৮. এরাই ডানপন্থী।

١٩. وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ۝

১৯. আর যারা আমার নিদর্শনসমূহ গোপন ও প্রত্যাখ্যান করেছে, তারাই বামপন্থী।

٢٠. عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ۝

২০. তারা পরিবেষ্টিত হবে অবরুদ্ধ আগুনে।

www.pathagar.com

৮৯. সূরা আল-ফাজর (উষা)

আয়াত ঃ ৩০, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالْفَجْرِ ۙ

১. শপথ উষার,

٢. وَلَيَالٍ عَشْرٍ ۙ

২. শপথ দশ রাতের,

٣. وَّالشَّفْعِ وَالْوَتْرِ ۙ

৩. শপথ জোড় ও বেজোড়ের,

٤. وَالَّيْلِ اِذَا يَسْرِ ۚ

৪. এবং শপথ রাতের যখন তা গত হতে থাকে।

٥. هَلْ فِىْ ذٰلِكَ قَسَمٌ لِّذِىْ حِجْرٍ ؕ

৫. নিশ্চয় এর মধ্যে শপথ (দিশা) রয়েছে বোধসম্পন্ন ব্যক্তির জন্য।

٦. اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۙ

৬. তুমি কি দেখনি তোমার প্রতিপালক কি পরিণতি ঘটিয়েছিলেন 'আদ বংশের?

www.pathagar.com

٧. إِرَمَ ذَاتِ الْعِمَادِ ۝

৭. ইরাম গোত্রের প্রতি, যারা সুউচ্চ প্রাসাদের দীর্ঘ স্তম্ভের মতো দেহের অধিকারী ছিল।

٨. الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۝

৮. যাদের সমতুল্য কোন দেশে কাউকে সৃষ্টি করা হয়নি;

٩. وَثَمُودَ الَّذِينَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۝

৯. এবং সামূদের প্রতি, যারা উপত্যকায় পাথর কেটে আবাস তৈরি করেছিল?

١٠. وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَادِ ۝

১০. এবং বহু কীলক বা সৈন্য-শিবিরের অধিপতি ফির'আওনের প্রতি?

١١. الَّذِينَ طَغَوْا فِي الْبِلَادِ ۝

১১. যারা দেশে সীমালঙ্ঘন করেছিল।

١٢. فَأَكْثَرُوا فِيهَا الْفَسَادَ ۝

১২. এবং সেখানে বহু অশান্তি বৃদ্ধি করেছিল।

١٣. فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۝

১৩. অতঃপর তোমার প্রতিপালক তাদের উপর কঠিন শাস্তির কশাঘাত হানলেন।

١٤. إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ ۝

১৪. তোমার প্রতিপালক অবশ্যই সতর্ক দৃষ্টি রাখেন।

www.pathagar.com

١٥. فَاَمَّا الْاِنْسَانُ اِذَا مَا ابْتَلٰهُ رَبُّهٗ فَاَكْرَمَهٗ وَنَعَّمَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّىْٓ اَكْرَمَنِ ۝

১৫. মানুষ তো এরূপ যে, তার প্রতিপালক যখন তাকে পরীক্ষা করেন, সম্মান ও অনুগ্রহ দান করেন তখন সে বলে, আমার প্রতিপালক আমাকে সম্মানিত করেছেন।

١٦. وَاَمَّآ اِذَا مَا ابْتَلٰهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّىْٓ اَهَانَنِ ۝

১৬. আর যখন তাকে পরীক্ষা করেন এবং তার রিযিক সংকুচিত করেন তখন সে বলে, আমার প্রতিপালক আমাকে হীন করেছেন।

١٧. كَلَّا بَلْ لَّا تُكْرِمُوْنَ الْيَتِيْمَ ۝

১৭. কখনও নয়, বরং তোমরা ইয়াতীমকে সম্মান করো না,

١٨. وَلَا تَحٰٓضُّوْنَ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ۝

১৮. এবং তোমরা অভাবগ্রস্তদেরকে খাদ্যদানে পরস্পরকে উৎসাহিত করো না,

١٩. وَتَاْكُلُوْنَ التُّرَاثَ اَكْلًا لَّمًّا ۝

১৯. এবং তোমরা উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ সম্পূর্ণরূপে ভক্ষণ করে ফেলো।

٢٠. وَّتُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا ۝

২০. এবং তোমরা ধন-সম্পদকে অতিমাত্রায় ভালবাসো;

www.pathagar.com

٢١. كَلَّآ إِذَا دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا ۝

২১. এটি কখনও উচিত নয়। পৃথিবীকে যখন পরিপূর্ণভাবে চূর্ণ বিচূর্ণ করা হবে।

٢٢. وَّجَآءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ۝

২২. এবং যখন তোমার প্রতিপালক উপস্থিত হবেন ও সারিবদ্ধভাবে ফিরিশতাগণও উপস্থিত হবে,

٢٣. وَجِاْىٓءَ يَوْمَئِذٍۭ بِجَهَنَّمَ ۙ يَوْمَئِذٍ يَّتَذَكَّرُ الْإِنْسَانُ وَاَنّٰى لَهُ الذِّكْرٰى.

২৩. সেদিন জাহান্নামকে আনা হবে এবং সেদিন মানুষ উপলব্ধি করবে, তখন এ উপলব্ধি তার কী কাজে আসবে?

٢٤. يَقُوْلُ يٰلَيْتَنِىْ قَدَّمْتُ لِحَيَاتِىْ ۝

২৪. সে বলবে, 'হায়! আমার এ জীবনের জন্য আমি যদি (দুনিয়া থেকে) কিছু অগ্রিম পাঠাতাম?

٢٥. فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهٗٓ اَحَدٌ ۝

২৫. সেদিন তার (আল্লাহর) শাস্তির মত শাস্তি অন্য কেউ দিতে পারবে না,

٢٦. وَّلَا يُوْثِقُ وَثَاقَهٗٓ اَحَدٌ ۝

২৬. এবং তাঁর বন্ধনের মত বন্ধন আর কেউ করতে পারবে না।

www.pathagar.com

٢٧. يٰٓاَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ۝

২৭. হে প্রশান্ত আত্মা!

٢٨. ارْجِعِىٓ اِلٰى رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً ۝

২৮. তুমি তোমার প্রতিপালকের কাছে ফিরে এসো সন্তুষ্টহৃদয়ে ও সন্তোষভাজন হয়ে।

٢٩. فَادْخُلِىْ فِىْ عِبَادِىْ ۝

২৯. এবং আমার সম্মানিত বান্দাদের অন্তর্ভুক্ত হও,

٣٠. وَادْخُلِىْ جَنَّتِىْ ۝

৩০. আর আমার জান্নাতে প্রবেশ করো।

www.pathagar.com

৮৮. সূরা আল-গাশিয়া (আচ্ছন্নকারী বিপদ)

আয়াত ঃ ২৬, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. هَلْ اَتٰكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ۝

১. তোমার কাছে কি আচ্ছন্নকারী কেয়ামতের সংবাদ এসেছে।

٢. وُجُوْهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ ۝

২. সেদিন অনেক মুখমণ্ডল ভীত অবনত হবে।

٣. عَامِلَةٌ نَّاصِبَةٌ ۝

৩. ক্লিষ্ট, ক্লান্ত হবে।

٤. تَصْلٰى نَارًا حَامِيَةً ۝

৪. তারা প্রবেশ করবে জ্বলন্ত আগুনে;

٥. تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ۝

৫. তাদেরকে অত্যুষ্ণ প্রস্রবণ হতে পান করানো হবে।

٦. لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ ۝

৬. তাদের জন্য খাদ্য থাকবে না কণ্টকময় গুল্ম ব্যতীত।

٧. لَّا يُسْمِنُ وَلَا يُغْنِىْ مِنْ جُوْعٍ ۝

৭. যা তাদেরকে পুষ্টও করবে না এবং তাদের ক্ষুধাও নিবৃত্তি করবে না।

www.pathagar.com

٨. وُجُوهٌ يَوْمَئِذٍ نَّاعِمَةٌ ۝

৮. আবার অনেক মুখমণ্ডল সেদিন হবে আনন্দোজ্জ্বল।

٩. لِّسَعْيِهَا رَاضِيَةٌ ۝

৯. নিজেদের কর্ম-সাফল্যে তারা হবে পরিতৃপ্ত,

١٠. فِي جَنَّةٍ عَالِيَةٍ ۝

১০. (তারা থাকবে) সুমহান মর্যাদাপূর্ণ জান্নাতে...

١١. لَّا تَسْمَعُ فِيهَا لَاغِيَةً ۝

১১. সেখানে (জান্নাতে) তারা কোন অসার বাক্য শুনবে না,

١٢. فِيهَا عَيْنٌ جَارِيَةٌ ۝

১২. সেথায় থাকবে বহমান ঝর্নাধারা

١٣. فِيهَا سُرُرٌ مَّرْفُوعَةٌ ۝

১৩. থাকবে উন্নত উচ্চ মর্যাদাসম্পন্ন শয্যা,

١٤. وَأَكْوَابٌ مَّوْضُوعَةٌ ۝

১৪. প্রস্তুত থাকবে সুসজ্জিত পানপাত্র,

١٥. وَنَمَارِقُ مَصْفُوفَةٌ ۝

১৫. সারি সারি উপাধান

www.pathagar.com

١٦. وَّزَرَابِيُّ مَبْثُوثَةٌ ط

১৬. এবং সুকোমল গালিচা বিছানো থাকবে;

١٧. اَفَلَا يَنْظُرُوْنَ اِلَى الْاِبِلِ كَيْفَ خُلِقَتْ وقفة

১৭. তবে কি তারা দৃষ্টিপাত করে না উটের দিকে, কিভাবে তাকে সৃষ্টি করা হয়েছে?

١٨. وَاِلَى السَّمَآءِ كَيْفَ رُفِعَتْ وقفة

১৮. এবং দেখে না আকাশের দিকে, কিভাবে তাকে ঊর্ধ্বে প্রতিষ্ঠিত করা হয়েছে?

١٩. وَاِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ وقفة

১৯. এবং পর্বতমালার দিকে, কিভাবে তাকে স্থাপন করা হয়েছে?

٢٠. وَاِلَى الْاَرْضِ كَيْفَ سُطِحَتْ وقفة

২০. এবং ভূতলের দিকে, কিভাবে তাকে বিস্তৃত করা হয়েছে?

٢١. فَذَكِّرْ قف اِنَّمَآ اَنْتَ مُذَكِّرٌ ط

২১. অতএব তুমি উপদেশ দাও; তুমি তো একজন উপদেশদাতা।

٢٢. لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ؕ

২২. তুমি তাদের উপর শক্তি প্রয়োগের অধিকারী নও।

www.pathagar.com

٢٣. اِلَّا مَنْ تَوَلّٰى وَكَفَرَ ۝

২৩. তবে কেউ মুখ ফিরিয়ে নিলে ও কুফরি করলে।

٢٤. فَيُعَذِّبُهُ اللّٰهُ الْعَذَابَ الْاَكْبَرَ ۝

২৪. আল্লাহ তাকে মহাশাস্তি দেবেন।

٢٥. اِنَّ اِلَيْنَآ اِيَابَهُمْ ۝

২৫. নিশ্চয় আমারই কাছে তাদের ফিরে আসতে হবে;

٢٦. ثُمَّ اِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ۝

২৬. এরপর তাদের হিসাব নেয়ার কাজ আমারই।

www.pathagar.com

৮৭. সূরা আল-আ'লা (সুউচ্চ, সুমহান)

আয়াত ঃ ১৯, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. سَبِّحِ اسْمَ رَبِّكَ الْاَعْلَى ۙ

১. তুমি তোমার সুমহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা করো,

٢. الَّذِىْ خَلَقَ فَسَوّٰى ۙ

২. যিনি সৃষ্টি করেন ও ভারসাম্য করেন।

٣. وَالَّذِىْ قَدَّرَ فَهَدٰى ۙ

৩. এবং যিনি পরিমিত বিকাশ সাধন করেন ও পথ নির্দেশ করেন।

٤. وَالَّذِىْٓ اَخْرَجَ الْمَرْعٰى ۙ

৪. এবং যিনি ঘাস-তৃণ উৎপন্ন করেন,

٥. فَجَعَلَهٗ غُثَآءً اَحْوٰى ؕ

৫. পরে তাকে কালো আবর্জনায় পরিণত করেন।

٦. سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰٓى ۙ

৬. (হে নবী!) নিশ্চয় আমি তোমাকে পাঠ করাবো, ফলে তুমি ভুলে যাবে না,

www.pathagar.com

٧. اِلَّا مَا شَآءَ اللّٰهُ ۚ اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ۝

৭. তবে আল্লাহ যা ইচ্ছা করবেন তা ছাড়া। নিশ্চয় তিনি জানেন যা প্রকাশ্য ও যা গোপনীয়।

٨. وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ۝

৮. আমি তোমার জন্য সহজ পথ সুগম করে দেব।

٩. فَذَكِّرْ اِنْ نَّفَعَتِ الذِّكْرٰى ۝

৯. অতএব উপদেশ যদি ফলপ্রসূ হয় তবে উপদেশ দাও;

١٠. سَيَذَّكَّرُ مَنْ يَّخْشٰى ۝

১০. সে-ই উপদেশ গ্রহণ করবে যে ভয় করে (আল্লাহকে)।

١١. وَيَتَجَنَّبُهَا الْاَشْقَى ۝

১১. আর সে-ই তা উপেক্ষা করবে যে নিতান্ত হতভাগ্য।

١٢. الَّذِىْ يَصْلَى النَّارَ الْكُبْرٰى ۝

১২. যে (হতভাগ্য) মহাঅগ্নিতে প্রবেশ করবে,

١٣. ثُمَّ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ۝

১৩. অতঃপর সে সেখানে মরবেও না, বাঁচবেও না।

١٤. قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ۝

১৪. নিশ্চয় সাফল্য লাভ করলো সে ব্যক্তি যে পবিত্রতা অর্জন করলো।

www.pathagar.com

١٥. وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ۝

১৫. এবং তার প্রতিপালকের নাম স্মরণ করলো ও নামায কায়েম করলো।

١٦. بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ۝

১৬. কিন্তু তোমরা পার্থিব জীবনকে প্রাধান্য দাও।

١٧. وَالْاٰخِرَةُ خَيْرٌ وَّاَبْقٰى ۝

১৭. অথচ আখেরাতই উৎকৃষ্টতর স্থায়ী।

١٨. اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ۝

১৮. নিশ্চয় এই বিধান রয়েছে পূর্ববর্তী গ্রন্থসমূহে।

١٩. صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ۝

১৯. ইবরাহীম ও মূসার প্রতি নাযিল হওয়া গ্রন্থসমূহে।

www.pathagar.com

৮৬. সূরা আত-তারিক (রাতে আত্মপ্রকাশকারী তারকা)

আয়াত ঃ ১৭, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহ্‌র নামে শুরু

١. وَالسَّمَاءِ وَالطَّارِقِ ۝

১. শপথ আকাশের এবং রাতে যা আবির্ভূত হয় তার (উজ্জ্বল তারকার)।

٢. وَمَا أَدْرٰكَ مَا الطَّارِقُ ۝

২. তুমি কী জানো রাতে যা আবির্ভূত হয় তা কি?

٣. النَّجْمُ الثَّاقِبُ ۝

৩. তা একটি উজ্জ্বল নক্ষত্র।

٤. إِنْ كُلُّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ ۝

৪. প্রত্যেক জীবের উপরই তত্ত্বাবধায়ক নিযুক্ত রয়েছে।

٥. فَلْيَنْظُرِ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ ۝

৫. সুতরাং মানুষ লক্ষ্য করুক কী জিনিস থেকে তাকে সৃষ্টি করা হয়েছে।

٦. خُلِقَ مِنْ مَّاءٍ دَافِقٍ ۝

৬. তাকে সৃষ্টি করা হয়েছে লাফিয়ে পড়া পানি হতে,

www.pathagar.com

٧. يَّخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ ۝

৭. যা নির্গত হয় মেরুদণ্ড ও বক্ষের অস্থিরাজির মধ্য থেকে।

٨. اِنَّهٗ عَلٰى رَجْعِهٖ لَقَادِرٌ ۝

৮. নিশ্চয় তিনি তাকে পুনরায় সৃষ্টি করতে ক্ষমতাবান।

٩. يَوْمَ تُبْلَى السَّرَائِرُ ۝

৯. যেদিন গোপন ও অজানা বিষয়সমূহ পরীক্ষিত হবে।

١٠. فَمَا لَهٗ مِنْ قُوَّةٍ وَّلَا نَاصِرٍ ۝

১০. যেদিন তার কোন শক্তি-সামর্থ্য থাকবে না এবং কোন সাহায্যকারীও থাকবে না।

١١. وَالسَّمَاءِ ذَاتِ الرَّجْعِ ۝

১১. শপথ আসমানের, যা ধারণ করে বৃষ্টি (বৃষ্টি বর্ষণকারী)।

١٢. وَالْاَرْضِ ذَاتِ الصَّدْعِ ۝

১২. এবং শপথ যমীনের, যা বিদীর্ণ হয় (উদ্ভিদ উৎপাদনকালে)।

١٣. اِنَّهٗ لَقَوْلٌ فَصْلٌ ۝

১৩. নিশ্চয় তা (আল-কুরআন) মীমাংসাকারী বাণী।

١٤. وَّمَا هُوَ بِالْهَزْلِ ۝

১৪. এটি কোন নিরর্থক কথা নয়।

www.pathagar.com

١٥. إِنَّهُمْ يَكِيدُونَ كَيْدًا ⑦

১৫. তারা ভীষণ ষড়যন্ত্র করে,

١٦. وَّأَكِيدُ كَيْدًا ⑧

১৬. এবং আমিও (আল্লাহ) বিশেষ কৌশল ও পরিকল্পনা গ্রহণ করি।

١٧. فَمَهِّلِ الْكٰفِرِيْنَ أَمْهِلْهُمْ رُوَيْدًا ⑨

১৭. অতএব (হে নবী) কাফেরদেরকে কিছুটা অবকাশ দাও; তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দাও কিছুকালের জন্য।

www.pathagar.com

৮৫. সূরা আল-বুরূজ (সুদৃঢ় দুর্গময়)

আয়াত ঃ ২২, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوْجِ ۝

১. শপথ বুরূজ (সুদৃঢ় দুর্গময়) বিশিষ্ট আকাশের,

٢. وَالْيَوْمِ الْمَوْعُوْدِ ۝

২. এবং প্রতিশ্রুত দিবসের,

٣. وَشَاهِدٍ وَّمَشْهُوْدٍ ۝

৩. শপথ উপস্থিতির (শুক্রবার) ও উপস্থাপনের (আরাফার ময়দান)।

٤. قُتِلَ اَصْحٰبُ الْاُخْدُوْدِ ۝

৪. ধ্বংস হয়েছে গর্তের অধিপতিরা।

٥. النَّارِ ذَاتِ الْوَقُوْدِ ۝

৫. ইন্ধনপূর্ণ যে গর্তে ছিল দাউ দাউ করে জ্বলা আগুন,

٦. اِذْ هُمْ عَلَيْهَا قُعُوْدٌ ۝

৬. যার পাশে গর্তওয়ালারা বসা ছিল;

٧. وَّهُمْ عَلٰى مَا يَفْعَلُوْنَ بِالْمُؤْمِنِيْنَ شُهُوْدٌ ۝

৭. এবং তারা মুমিনদের সাথে যা করছিল তা প্রত্যক্ষ করছিল।

www.pathagar.com

٨. وَمَا نَقَمُوْا مِنْهُمْ اِلَّآ اَنْ يُّؤْمِنُوْا بِاللّٰهِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۝

৮. তারা (গর্তওয়ালা কাফেররা) তাদেরকে (মুমিনদেরকে) নির্যাতন করছিল শুধু এ কারণে যে, তারা বিশ্বাস করতো পরাক্রমশালী ও স্বপ্রশংসিত আল্লাহর প্রতি।

٩. الَّذِىْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ۝

৯. যাঁর সর্বময় কর্তৃত্ব রয়েছে আকাশমণ্ডলী ও পৃথিবীর পরিচালনায়; আর আল্লাহ তা'আলাই সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা।

١٠. اِنَّ الَّذِيْنَ فَتَنُوا الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ثُمَّ لَمْ يَتُوْبُوْا فَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ ۝

১০. যারা বিশ্বাসী নর-নারীকে উৎপীড়িত করেছে এবং পরে তওবা করেনি তাদের জন্য রয়েছে জাহান্নামের শাস্তি, আরো রয়েছে আগুনে ঝলসানো যন্ত্রণা।

١١. اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتٌ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْكَبِيْرُ ۝

১১. নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকর্ম করেছে তাদের জন্য রয়েছে জান্নাত, যার পাদদেশে ঝর্নাসমূহ প্রবাহিত; এটি মুমিনগণের মহাসাফল্য।

www.pathagar.com

١٢. إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ ۝

১২. নিশ্চয় তোমার প্রতিপালকের গ্রেফতার বড়ই কঠিন।

١٣. إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ ۝

১৩. তিনিই প্রথম অস্তিত্ব দান করেন ও পুনরাবর্তন ঘটান,

١٤. وَهُوَ الْغَفُورُ الْوَدُودُ ۝

১৪. এবং তিনি ক্ষমাশীল, প্রেমময়,

١٥. ذُو الْعَرْشِ الْمَجِيدُ ۝

১৫. তিনিই 'আরশের অধিকারী ও সম্মানিত।

١٦. فَعَّالٌ لِّمَا يُرِيدُ ۝

১৬. তিনি যা ইচ্ছা তাই করেন।

١٧. هَلْ أَتَاكَ حَدِيثُ الْجُنُودِ ۝

১৭. তোমার কাছে কি সেনাবাহিনীর কাহিনী পৌঁছেছে?

١٨. فِرْعَوْنَ وَثَمُودَ ۝

১৮. ফিরআউন ও ছামূদের কাহিনী?

١٩. بَلِ الَّذِينَ كَفَرُوا فِي تَكْذِيبٍ ۝

১৯. বরং কাফেররাই মিথ্যা আরোপে লিপ্ত রয়েছে;

٢٠. وَاللَّهُ مِن وَرَائِهِم مُّحِيطٌ ۝

২০. অথচ আল্লাহ তাদের অলক্ষ্যে তাদেরকে পরিবেষ্টন করে রয়েছেন।

www.pathagar.com

٢١. بَلْ هُوَ قُرْاٰنٌ مَّجِيْدٌ ۝

২১. বস্তুত এটি মহাসম্মানিত কুরআন।

٢٢. فِىْ لَوْحٍ مَّحْفُوْظٍ ۝

২২. সংরক্ষিত ফলকে লিপিবদ্ধ।

www.pathagar.com

৮৪. সূরা আল-ইনশিকাক (বিদীর্ণ হওয়া)

আয়াত ঃ ২৫, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. إِذَا السَّمَاءُ انْشَقَّتْ ۝

১. যখন আকাশ বিদীর্ণ হবে,

٢. وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝

২. ও তার প্রতিপালকের আদেশ পালন করবে এবং এটি তার করণীয়।

٣. وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ۝

৩. যমীনকে যখন সম্প্রসারিত করা হবে।

٤. وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ۝

৪. যমীন তার অভ্যন্তরে যা আছে তা বাইরে নিক্ষেপ করবে ও শূন্যগর্ভ হয়ে যাবে।

٥. وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝

৫. এবং যমীন তার প্রতিপালকের আদেশ পালন করবে, এটি তার অবশ্য করণীয় (তখন তোমরা পুনরুত্থিত হবেই)।

٦. يَا أَيُّهَا الْإِنْسَانُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ

كَدْحًا فَمُلَاقِيهِ ۝

www.pathagar.com

৬. হে মানুষ! তুমি (কৃতকর্মের মধ্য দিয়ে) তোমার প্রতিপালকের দিকেই চলে যাচ্ছো এবং তুমি তাঁর সাক্ষাৎ লাভ করবে।

٧. فَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ ۙ

৭. অতঃপর যার 'আমলনামা তার ডান হাতে দেয়া হবে।

٨. فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَّسِيْرًا ۙ

৮. তার হিসাব-নিকাশ সহজেই নেয়া হবে।

٩. وَّيَنْقَلِبُ اِلٰٓى اَهْلِهٖ مَسْرُوْرًا ؕ

৯. এবং সে তার স্বজনদের কাছে প্রফুল্ল চিত্তে ফিরে যাবে।

١٠. وَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ وَرَآءَ ظَهْرِهٖ ۙ

১০. এবং যাকে তার 'আমলনামা পিঠের পেছন দিক থেকে দেয়া হবে।

١١. فَسَوْفَ يَدْعُوْا ثُبُوْرًا ۙ

১১. সে শীঘ্রই তার মৃত্যুকে আহ্বান করবে;

١٢. وَّيَصْلٰى سَعِيْرًا ؕ

১২. এবং জ্বলন্ত আগুনে প্রবেশ করবে;

١٣. اِنَّهٗ كَانَ فِىْٓ اَهْلِهٖ مَسْرُوْرًا ؕ

১২. কেননা সে তো তার স্বজনদের মধ্যে আনন্দিত ছিল,

١٤. اِنَّهٗ ظَنَّ اَنْ لَّنْ يَّحُوْرَ ۚ

১৪. সে তো ভাবতো যে, সে কখনও ফিরে যাবে না।

www.pathagar.com

١٥. بَلٰٓى ۚ اِنَّ رَبَّهٗ كَانَ بِهٖ بَصِيْرًا ۝

১৫. হ্যাঁ (নিশ্চয় ফিরে যাবে); তার প্রতিপালক তার উপর সবিশেষ দৃষ্টি রাখছেন।

١٦. فَلَآ اُقْسِمُ بِالشَّفَقِ ۝

১৬. না, (তার ধারণা ঠিক নয়) আমি শপথ করি সন্ধ্যা রাতের,

١٧. وَالَّيْلِ وَمَا وَسَقَ ۝

১৭. এবং রাতের, আর তা যা কিছু আচ্ছন্ন করে তার,

١٨. وَالْقَمَرِ اِذَا اتَّسَقَ ۝

১৮. এবং চাঁদের, যখন তা পূর্ণ হয়;

١٩. لَتَرْكَبُنَّ طَبَقًا عَنْ طَبَقٍ ۝

১৯. (এক অবস্থা থেকে আর এক অবস্থার দিকে) নিশ্চয় তোমরা ধাপে ধাপে আরোহণ করবে।

٢٠. فَمَا لَهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝

২০. সুতরাং তাদের কি হলো যে, তারা ঈমান আনে না কেন?

٢١. وَاِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْاٰنُ لَا يَسْجُدُوْنَ ۝

২১. এবং তাদের সামনে কুরআন পাঠ করা হলে তারা সিজদা করে না? (সাজদা)

٢٢. بَلِ الَّذِيْنَ كَفَرُوْا يُكَذِّبُوْنَ ۝

২২. বরং কাফেররাই তাকে (কুরআনকে) মিথ্যা মনে করে।

www.pathagar.com

٢٣. وَاللّٰهُ اَعْلَمُ بِمَا يُوْعُوْنَ.

২৩. এবং তারা যা (আমলনামায়) সংরক্ষণ করে আল্লাহ্ তা সবিশেষ অবগত।

٢٤. فَبَشِّرْهُمْ بِعَذَابٍ اَلِيْمٍ ۝

২৪. সুতরাং তাদেরকে অত্যন্ত বেদনাদায়ক শাস্তির সংবাদ দাও;

٢٥. اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ۝

২৫. কিন্তু যারা ঈমান আনে ও সৎকাজ করে তাদের জন্য রয়েছে অশেষ পুরস্কার।

www.pathagar.com

৮৩. সূরা আল-মুতাফ্‌ফিফীন (ওজনে কারচুপিকারী)

আয়াত ঃ ৩৬, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ ۝

১. দুর্ভোগ তাদের জন্য যারা মাপে এবং ওজনে কম দেয়,

٢. الَّذِيْنَ اِذَا اكْتَالُوْا عَلَى النَّاسِ يَسْتَوْفُوْنَ ز

২. যারা লোকের নিকট থেকে মেপে নেয়ার সময় পূর্ণ মাত্রায় গ্রহণ করে

٣. وَاِذَا كَالُوْهُمْ اَوْ وَّزَنُوْهُمْ يُخْسِرُوْنَ ۝

৩. এবং যখন তাদের (লোকদের) জন্য মাপে বা ওজন করে দেয় তখন কম দেয়।

٤. اَلَا يَظُنُّ اُولٰٓئِكَ اَنَّهُمْ مَّبْعُوْثُوْنَ ۝

৪. তারা কি চিন্তা করে না যে, তাদেরকে উঠিয়ে নিয়ে আসা হবে।

٥. لِيَوْمٍ عَظِيْمٍ ۝

৫. এক মহাদিবসে?

٦. يَّوْمَ يَقُوْمُ النَّاسُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ۝

৬. তা সেদিন যেদিন সমস্ত মানুষ জগতসমূহের প্রতিপালকের সামনে দাঁড়াবে।

www.pathagar.com

٧. كَلَّآ اِنَّ كِتٰبَ الْفُجَّارِ لَفِىْ سِجِّيْنٍ ۝

৭. কখনও না, নিশ্চয় পাপাচারীদের আমলনামা সিজ্জীনে আছে।

٨. وَمَآ اَدْرٰىكَ مَا سِجِّيْنٌ ۝

৮. সিজ্জীন সম্পর্কে তুমি কী জানো?

٩. كِتٰبٌ مَّرْقُوْمٌ ۝

৯. তা একখানা চিহ্নিত বা লিখিত 'আমলনামা।

١٠. وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ۝

১০. সেদিন দুর্ভোগ হবে অস্বীকারকারীদের,

١١. الَّذِيْنَ يُكَذِّبُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ۝

১১. যারা কর্মফল দিবসকে মিথ্যা মনে করে,

١٢. وَمَا يُكَذِّبُ بِهٖٓ اِلَّا كُلُّ مُعْتَدٍ اَثِيْمٍ ۝

১২. কেবল প্রত্যেক পাপিষ্ঠ ও সীমালঙ্ঘনকারী তা অস্বীকার করে।

١٣. اِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا قَالَ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ۝

১৩. তার নিকট আমার আয়াতসমূহ আবৃত্তি করা হলে সে বলে, এটি পূর্ববর্তীদের উপকথা।

١٤. كَلَّا بَلْ ۜ رَانَ عَلٰى قُلُوْبِهِمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ.

১৪. কখনও নয়; বরং তাদের কৃতকর্মই পাপ তাদের হৃদয়ে জং ধরিয়েছে।

www.pathagar.com

١٥. كَلَّآ إِنَّهُمْ عَنْ رَّبِّهِمْ يَوْمَئِذٍ لَّمَحْجُوبُونَ ۝

১৫. না, অবশ্যই সেদিন তারা তাদের প্রতিপালকের দর্শন হতে বঞ্চিত হবে;

١٦. ثُمَّ إِنَّهُمْ لَصَالُوا الْجَحِيمِ ۝

১৬. অতঃপর তারা নিশ্চয় জাহান্নামে প্রবেশ করবে;

١٧. ثُمَّ يُقَالُ هَٰذَا الَّذِي كُنتُم بِهِ تُكَذِّبُونَ ۝

১৭. তৎপর বলা হবে, এটিই তা যা তোমরা মিথ্যা মনে করে অস্বীকার করতে।

١٨. كَلَّآ إِنَّ كِتَٰبَ الْأَبْرَارِ لَفِي عِلِّيِّينَ ۝

১৮. কখনো (তা মিথ্যা) নয়, অবশ্যই পুণ্যবানদের 'আমলনামা 'ইল্লিয়্যীনে রয়েছে,

١٩. وَمَآ أَدْرَىٰكَ مَا عِلِّيُّونَ ۝

১৯. 'ইল্লিয়্যীন সম্পর্কে তুমি কী জানো?

٢٠. كِتَٰبٌ مَّرْقُومٌ ۝

২০. তা একটি সুলিখিত কিতাব বা 'আমলনামা।

٢١. يَشْهَدُهُ الْمُقَرَّبُونَ ۝

২১. যারা আল্লাহ্‌র সান্নিধ্যপ্রাপ্ত ফেরেশতা তারা তা দেখে।

٢٢. إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ۝

২২. নিশ্চয় পুণ্যবানগণ তো থাকবে পরম স্বাচ্ছন্দ্যে (জান্নাতে),

www.pathagar.com

٢٣. عَلَى الْأَرَائِكِ يَنْظُرُوْنَ ۙ

২৩. তারা সুসজ্জিত আসনে বসে (সব কিছু) অবলোকন করবে।

٢٤. تَعْرِفُ فِيْ وُجُوْهِهِمْ نَضْرَةَ النَّعِيْمِ ۚ

২৪. তুমি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের দীপ্তি দেখতে পাবে।

٢٥. يُسْقَوْنَ مِنْ رَّحِيْقٍ مَّخْتُوْمٍ ۙ

২৫. তাদেরকে মোহর করা বিশুদ্ধ পানীয় হতে পান করানো হবে;

٢٦. خِتٰمُهٗ مِسْكٌ ؕ وَفِيْ ذٰلِكَ فَلْيَتَنَافَسِ

الْمُتَنَافِسُوْنَ ۚ

২৬. তার মোহর (সীল) হবে মিস্‌কের। এ বিষয়ে প্রতিযোগিরা প্রতিযোগিতা করুক।

٢٧. وَمِزَاجُهٗ مِنْ تَسْنِيْمٍ ۙ

২৭. তাতে মিশ্রিত হবে তাস্‌নীম,

٢٨. عَيْنًا يَّشْرَبُ بِهَا الْمُقَرَّبُوْنَ ۚ

২৮. এটি একটি ঝর্নাধারা, যা থেকে (আল্লাহর) সান্নিধ্যপ্রাপ্তরা পান করবে।

٢٩. اِنَّ الَّذِيْنَ اَجْرَمُوْا كَانُوْا مِنَ الَّذِيْنَ

اٰمَنُوْا يَضْحَكُوْنَ.

২৯. নিশ্চয় তারা সেই অপরাধী যারা মুমিনগণকে উপহাস করতো।

www.pathagar.com

٣٠. وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ.

৩০. এবং তারা যখন মুমিনদের কাছ দিয়ে যেতো তখন চোখ টিপে ইশারা করতো।

٣١. وَإِذَا انْقَلَبُوا إِلَى أَهْلِهِمُ انْقَلَبُوا فَكِهِينَ ۝

৩১. এবং যখন তাদের আপনজনের কাছে ফিরে আসত তখন তারা ফিরত উৎফুল্ল হয়ে।

٣٢. وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَؤُلَاءِ لَضَالُّونَ ۝

৩২. এবং যখন তাদেরকে দেখতো তখন বলতো, এরাই তো পথভ্রষ্ট।

٣٣. وَمَا أُرْسِلُوا عَلَيْهِمْ حَافِظِينَ ۝

৩৩. অথচ তাদেরকে তো তাদের (মুমিনগণের) তত্ত্বাবধায়ক করে পাঠান হয়নি।

٣٤. فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ۝

৩৪. ফলত আজ (বিচারদিবসে) মুমিনগণ উপহাস করছে কাফেরদেরকে,

٣٥. عَلَى الْأَرَائِكِ يَنْظُرُونَ ۝

৩৫. (উঁচু) সুসজ্জিত আসন থেকে উহাদেরকে অবলোকন করে।

٣٦. هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعَلُونَ ۝

৩৬. কাফেররা তাদের কৃতকর্মের ফল পেল তো?

www.pathagar.com

৮২. সূরা আল-ইনফিতার (বিদীর্ণ হওয়া)

আয়াত ঃ ১৯, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِذَا السَّمَآءُ انْفَطَرَتْ ۙ

১. যখন আকাশ বিদীর্ণ হবে,

٢. وَاِذَا الْكَوَاكِبُ انْتَثَرَتْ ۙ

২. যখন নক্ষত্রমণ্ডলী বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়বে,

٣. وَاِذَا الْبِحَارُ فُجِّرَتْ ۙ

৩. যখন সমুদ্র বিস্ফোরিত হবে,

٤. وَاِذَا الْقُبُوْرُ بُعْثِرَتْ ۙ

৪. এবং যখন কবরসমূহ খুলে দেয়া হবে।

٥. عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَاَخَّرَتْ ؕ

৫. তখন প্রত্যেকে জানবে, সে কি আগে পাঠিয়েছে ও কি পরে রেখে গেছে।

٦. يٰۤاَيُّهَا الْاِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيْمِ ۙ

৬. হে মানুষ! কিসে তোমাকে তোমার মহান প্রতিপালক সম্বন্ধে বিভ্রান্ত করলো?

www.pathagar.com

٧. الَّذِىْ خَلَقَكَ فَسَوّٰكَ فَعَدَلَكَ ۝

৭. যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুঠাম করেছেন এবং ভারসাম্যপূর্ণ করেছেন।

٨. فِىْٓ اَىِّ صُوْرَةٍ مَّا شَآءَ رَكَّبَكَ ۝

৮. যে আকৃতিতে চেয়েছেন, তিনি তোমাকে গঠন করেছেন।

٩. كَلَّا بَلْ تُكَذِّبُوْنَ بِالدِّيْنِ ۝

৯. কখনো নয়, বরং তোমরা শেষ বিচারকে মিথ্যা মনে করো।

١٠. وَاِنَّ عَلَيْكُمْ لَحٰفِظِيْنَ ۝

১০. নিশ্চয় তোমাদের আমল সংরক্ষণের জন্য রয়েছে তত্ত্বাবধায়কগণ;

١١. كِرَامًا كَاتِبِيْنَ ۝

১১. সম্মানিত লেখকবৃন্দ;

١٢. يَعْلَمُوْنَ مَا تَفْعَلُوْنَ.

১২. তারা জানে তোমরা যা করো।

١٣. اِنَّ الْاَبْرَارَ لَفِىْ نَعِيْمٍ ۝

১৩. অবশ্যই পুণ্যবানগণ থাকবে পরম স্বাচ্ছন্দ্যে (জান্নাতে);

١٤. وَّاِنَّ الْفُجَّارَ لَفِىْ جَحِيْمٍ ۝

১৪. আর পাপাচারীরা থাকবে জাহান্নামে;

www.pathagar.com

١٥. يَّصْلَوْنَهَا يَوْمَ الدِّيْنِ.

১৫. তারা কর্মফল দিবসে তাতে প্রবেশ করবে;

١٦. وَمَا هُمْ عَنْهَا بِغَائِبِيْنَ ۝

১৬. এবং তারা তাতে (প্রবেশ করা) হতে অনুপস্থিত থাকতে পারবে না।

١٧. وَمَآ اَدْرٰكَ مَا يَوْمُ الدِّيْنِ ۝

১৭. কর্মফল দিবস সম্বন্ধে তুমি কী জানো?

١٨. ثُمَّ مَآ اَدْرٰكَ مَا يَوْمُ الدِّيْنِ ۝

১৮. আবার বলি, কর্মফল দিবস সম্বন্ধে তুমি কী জানো?

١٩. يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْئًا ۭ وَالْاَمْرُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ۝

১৯. সেদিন একে অপরের জন্য কিছু করার সামর্থ্য থাকবে না; এবং সেদিন (বিচার ফায়সালার সমস্ত) কর্তৃত্ব হবে আল্লাহ তা'আলার।

www.pathagar.com

৮১. সূরা আত-তাকভীর (গুটিয়ে ফেলা এবং নিষ্প্রভ করা)

আয়াত ঃ ২৯, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. اِذَا الشَّمْسُ كُوِّرَتْ ۝

১. যখন সূর্যকে গুটিয়ে ফেলা হবে (নিষ্প্রভ করা হবে)।

٢. وَاِذَا النُّجُوْمُ انْكَدَرَتْ ۝

২. যখন তারকারাজি খসে খসে পড়বে।

٣. وَاِذَا الْجِبَالُ سُيِّرَتْ ۝

৩. যখন পর্বতসমূহকে চলমান করা হবে।

٤. وَاِذَا الْعِشَارُ عُطِّلَتْ ۝

৪. যখন পূর্ণ গর্ভবতী উটনী উপেক্ষিত হবে।

٥. وَاِذَا الْوُحُوْشُ حُشِرَتْ ۝

৫. যখন বন্য পশুকে একত্র করা হবে।

٦. وَاِذَا الْبِحَارُ سُجِّرَتْ ۝

৬. যখন সমুদ্রকে বিস্ফোরিত করা হবে।

٧. وَاِذَا النُّفُوْسُ زُوِّجَتْ ۝

৭. যখন দেহে আত্মা পুনঃসংযোজন করা হবে।

www.pathagar.com

٨. وَإِذَا الْمَوْءُدَةُ سُئِلَتْ ۝

৮. যখন জীবন্ত কবরস্থ কন্যাকে জিজ্ঞাসা করা হবে।

٩. بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ.

৯. কী অপরাধে তাকে হত্যা করা হয়েছে?

١٠. وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ ۝

১০. যখন 'আমলনামা উন্মোচিত হবে।

١١. وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ ۝

১১. যখন আকাশের আবরণ অপসারিত হবে।

١٢. وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ ۝

১২. যখন জাহান্নামের আগুনকে উদ্দীপিত করা হবে।

١٣. وَإِذَا الْجَنَّةُ أُزْلِفَتْ ۝

১৩. আর যখন জান্নাত কাছে নিয়ে আসা হবে।

١٤. عَلِمَتْ نَفْسٌ مَّا أَحْضَرَتْ ۝

১৪. তখন প্রত্যেক ব্যক্তি জানবে সে কী নিয়ে এসেছে।

١٥. فَلَا أُقْسِمُ بِالْخُنَّسِ ۝

১৫. না, আমি শপথ করেছি পশ্চাদগামী তারকার।

١٦. الْجَوَارِ الْكُنَّسِ ۝

১৬. যা পুনরাগমন করে ও অদৃশ্য হয়।

www.pathagar.com

١٧. وَالَّيْلِ إِذَا عَسْعَسَ ۝

১৭. শপথ রাতের যখন তার অবসান হয়।

١٨. وَالصُّبْحِ إِذَا تَنَفَّسَ ۝

১৮. আর ঊষার যখন তা (আবির্ভাবের) শ্বাস গ্রহণ করলো।

١٩. إِنَّهُ لَقَوْلُ رَسُوْلٍ كَرِيْمٍ ۝

১৯. নিশ্চয় এই কুরআন সম্মানিত বার্তাবাহকের আনীত বাণী।

٢٠. ذِىْ قُوَّةٍ عِنْدَ ذِى الْعَرْشِ مَكِيْنٍ ۝

২০. যে অত্যন্ত শক্তিমান, 'আরশের মালিকের কাছে মর্যাদাসম্পন্ন।

٢١. مُّطَاعٍ ثَمَّ اَمِيْنٍ ۝

২১. সেখানে তাকে মান্য করা হয়, যিনি বড়ই বিশ্বাসভাজন।

٢٢. وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُوْنٍ ۝

২২. আর তোমাদের সাথী পাগল নয়।

٢٣. وَلَقَدْ رَاٰهُ بِالْاُفُقِ الْمُبِيْنِ ۝

২৩. সে তো তাকে (জিবরাঈলকে) স্পষ্ট দিগন্তে দেখেছে।

٢٤. وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ ۝

২৪. সে অদৃশ্য বিষয় সম্পর্কে (জানাতে) কৃপণ নয়।

٢٥. وَمَا هُوَ بِقَوْلِ شَيْطٰنٍ رَّجِيْمٍ ۝

২৫. এবং এটি অভিশপ্ত শয়তানের কথা নয়।

www.pathagar.com

٢٦. فَأَيْنَ تَذْهَبُونَ.

২৬. সুতরাং তোমরা কোথায় চলেছো?

٢٧. إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِينَ ۝

২৭. এটি (কুরআন) তো শুধু বিশ্বজগতের জন্য উপদেশ।

٢٨. لِمَنْ شَآءَ مِنْكُمْ أَنْ يَّسْتَقِيمَ ۝

২৮. তোমাদের মধ্যে যে সঠিক পথে চলতে চায় তার জন্য।

٢٩. وَمَا تَشَآءُونَ إِلَّآ أَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِينَ ۝

২৯. তোমাদের ইচ্ছায় কিছু হবে না, যদি জগতসমূহের প্রতিপালক আল্লাহ ইচ্ছা না করেন।

www.pathagar.com

৮০. সূরা 'আবাসা (ভ্রু কুঞ্চিত করা)

আয়াত ঃ ৪২, রুকূ ঃ ১, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. عَبَسَ وَتَوَلّٰى ۙ

১. সে ভ্রু কুঁচকালো এবং মুখ ফিরিয়ে নিলো।

٢. اَنْ جَآءَهُ الْاَعْمٰى ؕ

২. কারণ তার কাছে অন্ধ লোকটি এসেছে।

٣. وَمَا يُدْرِيْكَ لَعَلَّهٗ يَزَّكّٰٓى ۙ

৩. তুমি কেমন করে জানবে (তার ব্যাপার) সে হয়তো পরিশুদ্ধ হত।

٤. اَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الذِّكْرٰى ؕ

৪. অথবা উপদেশ গ্রহণ করতো, ফলে উপদেশ তার উপকারে আসতো

٥. اَمَّا مَنِ اسْتَغْنٰى ۙ

৫. পক্ষান্তরে যে পরোয়া করে না,

٦. فَاَنْتَ لَهٗ تَصَدّٰى ؕ

৬. তুমি তার প্রতি মনোযোগ দিয়েছো।

٧. وَمَا عَلَيْكَ اَلَّا يَزَّكّٰى ؕ

৭. অথচ সে নিজে পরিশুদ্ধ না হলে তোমার কোন দায়িত্ব নেই।

www.pathagar.com

٨. وَأَمَّا مَنْ جَآءَكَ يَسْعَىٰ ۝

৮. অন্যপক্ষে যে তোমার কাছে ছুটে আসলো।

٩. وَهُوَ يَخْشَىٰ ۝

৯. আর সে ভয়ও পায় (আল্লাহকে),

١٠. فَأَنْتَ عَنْهُ تَلَهَّىٰ ۝

১০. অথচ তুমি তাকে উপেক্ষা করলে;

١١. كَلَّآ إِنَّهَا تَذْكِرَةٌ ۝

১১. কখনো এরূপ করা ঠিক নয়, এটি (কুরআন) তো উপদেশবাণী।

١٢. فَمَنْ شَآءَ ذَكَرَهُۥ ۝

১২. সুতরাং যে ইচ্ছা করবে সে তা স্মরণ রাখবে।

١٣. فِى صُحُفٍ مُّكَرَّمَةٍ ۝

১৩. এটি লিপিবদ্ধ আছে মর্যাদাসম্পন্ন পত্রসমূহে।

١٤. مَّرْفُوعَةٍ مُّطَهَّرَةٍۭ ۝

১৪. যা উন্নত, পবিত্র।

١٥. بِأَيْدِى سَفَرَةٍ ۝

১৫. এমন লিপিকরের হস্তে লিপিবদ্ধ।

١٦. كِرَامٍۭ بَرَرَةٍ ۝

১৬. যারা মহান, পূত-চরিত্র সম্পন্ন।

www.pathagar.com

١٧. قُتِلَ الْاِنْسَانُ مَآ اَكْفَرَهٗ ۝

১৭. মানুষ ধ্বংস হউক! সে কতই না অকৃতজ্ঞ!

١٨. مِنْ اَيِّ شَيْءٍ خَلَقَهٗ ۝

১৮. তিনি তাকে কোন্ বস্তু থেকে সৃষ্টি করেছেন?

١٩. مِنْ نُّطْفَةٍ ؕ خَلَقَهٗ فَقَدَّرَهٗ ۝

১৯. শুক্রবিন্দু থেকে তিনি তাকে সৃষ্টি করেছেন, পরে তার পরিমিত বিকাশ সাধন করেছেন।

٢٠. ثُمَّ السَّبِيْلَ يَسَّرَهٗ ۝

২০. অতঃপর তার জন্য পথ সহজ করে দিয়েছেন।

٢١. ثُمَّ اَمَاتَهٗ فَاَقْبَرَهٗ ۝

২১. তারপর তার মৃত্যু ঘটান এবং তাকে কবরে পৌছান।

٢٢. ثُمَّ اِذَا شَآءَ اَنْشَرَهٗ ۝

২২. এরপর যখন ইচ্ছা তিনি তাকে পুনর্জীবিত করবেন।

٢٣. كَلَّا لَمَّا يَقْضِ مَآ اَمَرَهٗ ۝

২৩. কখনও না, তিনি তাকে যা আদেশ করেছেন, সে এখনও তা পুরো করেনি।

٢٤. فَلْيَنْظُرِ الْاِنْسَانُ اِلٰى طَعَامِهٖٓ ۝

২৪. মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক!

www.pathagar.com

٢٥. أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا ⓨ

২৫. আমিই প্রচুর পানি বর্ষণ করেছি,

٢٦. ثُمَّ شَقَقْنَا الْأَرْضَ شَقًّا ⓨ

২৬. অতঃপর ভূমিকে প্রকৃষ্টরূপে বিদারিত করেছি;

٢٧. فَأَنْبَتْنَا فِيهَا حَبًّا ⓨ

২৭. এবং তাতে আমি উৎপন্ন করি শস্য;

٢٨. وَعِنَبًا وَقَضْبًا ⓨ

২৮. আঙুর, শাক-সবজি।

٢٩. وَزَيْتُونًا وَنَخْلًا ⓨ

২৯. যায়তূন, খেজুর,

٣٠. وَحَدَائِقَ غُلْبًا ⓨ

৩০. ঘন বৃক্ষবিশিষ্ট উদ্যান,

٣١. وَفَاكِهَةً وَأَبًّا ⓨ

৩১. ফল-ফলাদি এবং উদ্ভিদ, খাদ্য,

٣٢. مَتَاعًا لَكُمْ وَلِأَنْعَامِكُمْ ⓩ

৩২. তোমাদের ও তোমাদের গৃহপালিত পশুর ভোগের জন্য।

٣٣. فَإِذَا جَاءَتِ الصَّاخَّةُ ⓩ

৩৩. যখন কেয়ামত উপস্থিত হবে।

www.pathagar.com

٣٤. يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ اَخِيْهِ.

৩৪. সেদিন মানুষ পালাবে তার ভাই থেকে।

٣٥. وَاُمِّهٖ وَاَبِيْهِ ۝

৩৫. এবং তার মাতা, তার পিতা থেকে।

٣٦. وَصَاحِبَتِهٖ وَبَنِيْهِ ۝

৩৬. তার স্ত্রী ও তার সন্তান থেকে।

٣٧. لِكُلِّ امْرِئٍ مِّنْهُمْ يَوْمَئِذٍ شَاْنٌ يُّغْنِيْهِ ۝

৩৭. সেদিন তাদের প্রত্যেকের এমন গুরুতর অবস্থা হবে যা তাকে সম্পূর্ণরূপে ব্যস্ত রাখবে।

٣٨. وُجُوْهٌ يَّوْمَئِذٍ مُّسْفِرَةٌ ۝

৩৮. অনেক মুখমণ্ডল সেদিন হবে উজ্জ্বল,

٣٩. ضَاحِكَةٌ مُّسْتَبْشِرَةٌ ۝

৩৯. সহাস্য ও প্রফুল্ল।

٤٠. وَوُجُوْهٌ يَّوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ.

৪০. এবং অনেক মুখমণ্ডল সে দিন হবে ধূলিধূসরিত।

٤١. تَرْهَقُهَا قَتَرَةٌ ۝

৪১. সেগুলোকে আচ্ছন্ন করবে কালিমা।

٤٢. اُولٰٓئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ ۝

৪২. এরাই কাফের ও পাপাচারী।

www.pathagar.com

৭৯. সূরা আন-নাযি'আত (যারা নির্মমভাবে উৎপাটন করে)

আয়াত ঃ ৪৬, রুকূ ঃ ২, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. وَالنّٰزِعٰتِ غَرْقًا ۙ

১. শপথ তাদের যারা নির্মমভাবে উৎপাটন করে।

٢. وَّالنّٰشِطٰتِ نَشْطًا ۙ

২. এবং মৃদুভাবে বন্ধনমুক্ত করে দেয়।

٣. وَّالسّٰبِحٰتِ سَبْحًا ۙ

৩. এবং তীব্র গতিতে সন্তরণ করে।

٤. فَالسّٰبِقٰتِ سَبْقًا ۙ

৪. আর যারা দ্রুতবেগে অগ্রসর হয়।

٥. فَالْمُدَبِّرٰتِ اَمْرًا ۙ

৫. অতঃপর যারা সকল কর্ম নির্বাহ করে।

٦. يَوْمَ تَرْجُفُ الرَّاجِفَةُ ۙ

৬. সেদিন প্রথম শিংগাধ্বনি প্রকম্পিত করবে।

٧. تَتْبَعُهَا الرَّادِفَةُ ۙ

৭. তাকে অনুসরণ করবে পরবর্তী শিংগাধ্বনি।

www.pathagar.com

٨. قُلُوبٌ يَّوْمَئِذٍ وَّاجِفَةٌ ۙ

৮. কতক হৃদয় সেদিন ভীত-সন্ত্রস্ত হবে।

٩. اَبْصَارُهَا خَاشِعَةٌ ۘ

৯. তাদের দৃষ্টি ভীতি-বিহ্বলতায় নত হবে।

١٠. يَقُوْلُوْنَ ءَاِنَّا لَمَرْدُوْدُوْنَ فِى الْحَافِرَةِ ؕ

১০. তারা বলে, আমরা কি পূর্বাবস্থায় প্রত্যাবর্তিত হবো?

١١. ءَاِذَا كُنَّا عِظَامًا نَّخِرَةً ؕ

১১. গলিত অস্থিতে পরিণত হওয়ার পরও?

١٢. قَالُوْا تِلْكَ اِذًا كَرَّةٌ خَاسِرَةٌ ۘ

১২. তারা বলে, তাই যদি হয় তবে তো এটি বড়ই সর্বনাশা প্রত্যাবর্তন।

١٣. فَاِنَّمَا هِىَ زَجْرَةٌ وَّاحِدَةٌ ۙ

১৩. এটি তো কেবল এক বিকট আওয়াজ,

١٤. فَاِذَا هُمْ بِالسَّاهِرَةِ ؕ

১৪. তখনই ময়দানে তাদের আবির্ভাব হবে।

١٥. هَلْ اَتٰىكَ حَدِيْثُ مُوْسٰى ۘ

১৫. তোমার কাছে মূসার বৃত্তান্ত পৌঁছেছে কি?

١٦. اِذْ نَادٰىهُ رَبُّهٗ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ۚ

১৬. যখন তার প্রতিপালক পবিত্র উপত্যকা তুয়া-তে তাকে আহ্বান করে বলেছিল।

www.pathagar.com

١٧. اِذْهَبْ اِلٰى فِرْعَوْنَ اِنَّهٗ طَغٰى.

১৭. ফিরআউনের নিকট যাও, সে তো সীমালঙ্ঘন করেছে।

١٨. فَقُلْ هَلْ لَّكَ اِلٰٓى اَنْ تَزَكّٰى ۝

১৮. এবং বলো, তোমার কি আগ্রহ আছে যে, তুমি পবিত্র হও?

١٩. وَاَهْدِيَكَ اِلٰى رَبِّكَ فَتَخْشٰى ۝

১৯. আর আমি তোমাকে তোমার প্রতিপালকের দিকে পথ প্রদর্শন করি যাতে তুমি তাঁকে ভয় করো?

٢٠. فَاَرٰهُ الْاٰيَةَ الْكُبْرٰى.

২০. অতঃপর সে (মূসা) তাকে (ফিরআউন) মহানিদর্শন দেখালো।

٢١. فَكَذَّبَ وَعَصٰى.

২১. কিন্তু সে (ফিরআউন) মিথ্যা মনে করে অস্বীকার করলো এবং অবাধ্য হলো।

٢٢. ثُمَّ اَدْبَرَ يَسْعٰى.

২২. অতঃপর সে পেছনে ফিরে প্রতিবিধানে সচেষ্ট হলো।

٢٣. فَحَشَرَ فَنَادٰى.

২৩. সে সকলকে সমবেত করলো এবং উচ্চৈঃস্বরে ঘোষণা দিলো।

٢٤. فَقَالَ اَنَا رَبُّكُمُ الْاَعْلٰى.

২৪. সে বললো, আমিই তোমাদের শ্রেষ্ঠ প্রতিপালক।

www.pathagar.com

٢٥. فَاَخَذَهُ اللّٰهُ نَكَالَ الْاٰخِرَةِ وَالْاُوْلٰى ۝

২৫. অতঃপর আল্লাহ তাকে আখেরাতে ও দুনিয়ায় কঠিন শাস্তিতে পাকড়াও করলেন।

٢٦. اِنَّ فِىْ ذٰلِكَ لَعِبْرَةً لِّمَنْ يَّخْشٰى ۝

২৬. যে ভয় করে তার জন্য অবশ্যই এতে শিক্ষণীয় রয়েছে।

٢٧. ءَاَنْتُمْ اَشَدُّ خَلْقًا اَمِ السَّمَآءُ ؕ بَنٰهَا.

২৭. তোমাদেরকে সৃষ্টি করা কঠিনতর, না আকাশ সৃষ্টি? তিনিই (আল্লাহ) তা নির্মাণ করেছেন।

٢٨. رَفَعَ سَمْكَهَا فَسَوّٰهَا ۝

২৮. তিনি এর ছাদকে সুউচ্চ করেছেন এবং সুবিন্যস্ত করেছেন।

٢٩. وَاَغْطَشَ لَيْلَهَا وَاَخْرَجَ ضُحٰهَا ۝

২৯. আর তিনি এর রাতকে করেছেন অন্ধকারাচ্ছন্ন এবং প্রকাশ করেছেন এর উজ্জ্বল সূর্যালোক;

٣٠. وَالْاَرْضَ بَعْدَ ذٰلِكَ دَحٰهَا ۝

৩০. এরপর পৃথিবীকে বিস্তৃত করেছেন।

٣١. اَخْرَجَ مِنْهَا مَآءَهَا وَمَرْعٰهَا ۝

৩১. তিনি তা থেকে বের করেছেন তার পানি ও তৃণ।

٣٢. وَالْجِبَالَ اَرْسٰهَا ۝

৩২. এবং পর্বতকে তিনি দৃঢ়ভাবে প্রোথিত করেছেন।

www.pathagar.com

٣٣. مَتَاعًا لَّكُمْ وَلِأَنْعَامِكُمْ ۝

৩৩. এ সমস্ত তোমাদের ও তোমাদের গৃহপালিত পশুদের ভোগের জন্য।

٣٤. فَإِذَا جَاءَتِ الطَّامَّةُ الْكُبْرَى.

৩৪. অতঃপর যখন মহাসংকট উপস্থিত (কেয়ামত দিবস) হবে।

٣٥. يَوْمَ يَتَذَكَّرُ الْإِنْسَانُ مَا سَعَى ۝

৩৫. মানুষ যা করেছে তা সে সেদিন স্মরণ করবে।

٣٦. وَبُرِّزَتِ الْجَحِيمُ لِمَنْ يَرَى.

৩৬. এবং সেদিন খুলে দেয়া হবে জাহান্নাম দৃষ্টিমানদের জন্য।

٣٧. فَأَمَّا مَنْ طَغَى ۝

৩৭. অনন্তর যে সীমালঙ্ঘন করে।

٣٨. وَآثَرَ الْحَيٰوةَ الدُّنْيَا ۝

৩৮. এবং পার্থিব জীবনকে অগ্রাধিকার দেয়।

٣٩. فَإِنَّ الْجَحِيمَ هِيَ الْمَأْوَى ۝

৩৯. জাহান্নামই হবে তার আবাসস্থল।

٤٠. وَأَمَّا مَنْ خَافَ مَقَامَ رَبِّهِ وَنَهَى النَّفْسَ عَنِ الْهَوَى ۝

৪০. পক্ষান্তরে যে নিজ প্রতিপালকের সামনে উপস্থিত হওয়ার ভয় রাখে এবং কুপ্রবৃত্তি থেকে নিজকে বিরত রাখে।

www.pathagar.com

٤١. فَإِنَّ الْجَنَّةَ هِيَ الْمَأْوَىٰ ۝

৪১. জান্নাতই হবে তার আবাসস্থল।

٤٢. يَسْئَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا.

৪২. তারা তোমাকে জিজ্ঞেস করে কিয়ামত সম্পর্কে, তা কখন ঘটবে?

٤٣. فِيمَ أَنْتَ مِنْ ذِكْرَاهَا ۝

৪৩. এর আলোচনার ব্যাপারে তোমার কী সম্পর্ক!

٤٤. إِلَىٰ رَبِّكَ مُنْتَهَاهَا.

৪৪. এর সঠিক জ্ঞান আছে তোমার প্রতিপালকের নিকট।

٤٥. إِنَّمَا أَنْتَ مُنْذِرُ مَنْ يَخْشَاهَا ۝

৪৫. বস্তুত যে তার প্রতি ভয় রাখে তুমি কেবল তার সতর্ককারী।

٤٦. كَأَنَّهُمْ يَوْمَ يَرَوْنَهَا لَمْ يَلْبَثُوا إِلَّا عَشِيَّةً أَوْ ضُحَاهَا ۝

৪৬. যেদিন তারা তা প্রত্যক্ষ করবে সেদিন তাদের-কাছে মনে হবে যেন তারা পৃথিবীতে মাত্র এক সন্ধ্যা অথবা এক সকাল অবস্থান করেছে।

www.pathagar.com

৭৮. সূরা আন-নাবা' (সংবাদ)

আয়াত ঃ ৪০, রুকূ ঃ ২, মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

দয়াময় পরম করুণাময় আল্লাহর নামে শুরু

١. عَمَّ يَتَسَاءَلُوْنَ ۝

১. তারা একে অপরের কাছে কী বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে?

٢. عَنِ النَّبَاِ الْعَظِيْمِ ۝

২. সে মহাসংবাদের বিষয়ে।

٣. الَّذِيْ هُمْ فِيْهِ مُخْتَلِفُوْنَ ۝

৩. যে বিষয়ে তাদের মধ্যে মতানৈক্য আছে।

٤. كَلَّا سَيَعْلَمُوْنَ ۝

৪. কখনও না, (তাদের ধারণা অবাস্তব) তারা অতি শীঘ্র জানতে পারবে।

٥. ثُمَّ كَلَّا سَيَعْلَمُوْنَ.

৫. আবার বলছি, কখনও না, তারা অচিরেই জানতে পারবে।

٦. اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ مِهٰدًا ۝

৬. আমি কি ভূমিকে বিছানাসদৃশ করিনি?

٧. وَّالْجِبَالَ اَوْتَادًا ۝

৭. এবং পর্বতসমূহকে পেরেকস্বরূপ?

www.pathagar.com

٨. وَّخَلَقْنٰكُمْ اَزْوَاجًا ۝

৮. আর আমি সৃষ্টি করেছি তোমাদেরকে জোড়ায় জোড়ায়,

٩. وَّجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا ۝

৯. তোমাদের ঘুমকে করেছি বিশ্রামের বাহন।

١٠. وَّجَعَلْنَا الَّيْلَ لِبَاسًا ۝

১০. রাতকে করেছি আচ্ছাদন,

١١. وَّجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ۝

১১. এবং দিনকে করেছি জীবিকা আহরণের সময়,

١٢. وَّبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا ۝

১২. আর আমি নির্মাণ করেছি তোমাদের উর্ধ্বদেশে সুস্থিত সপ্ত আকাশ,

١٣. وَّجَعَلْنَا سِرَاجًا وَّهَّاجًا ۝

১৩. এবং সৃষ্টি করেছি প্রদীপ্ত প্রদীপ।

١٤. وَّاَنْزَلْنَا مِنَ الْمُعْصِرٰتِ مَاءً ثَجَّاجًا ۝

১৪. এবং বর্ষণ করেছি মেঘমালা থেকে প্রচুর বৃষ্টি,

١٥. لِّنُخْرِجَ بِهٖ حَبًّا وَّنَبَاتًا ۝

১৫. যাতে তা দিয়ে আমি উৎপন্ন করতে পারি শস্যরাজি ও উদ্ভিদ,

١٦. وَّجَنّٰتٍ اَلْفَافًا ۝

১৬. ও ঘন পাতাঘেরা উদ্যান।

www.pathagar.com

١٧. اِنَّ يَوْمَ الْفَصْلِ كَانَ مِيْقَاتًا ۙ

১৭. নিশ্চয় নির্ধারিত আছে বিচার ফায়সালার দিন;

١٨. يَّوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ فَتَاْتُوْنَ اَفْوَاجًا ۙ

১৮. সেদিন শিংগায় ফুঁ দেয়া হবে এবং তোমরা দলে দলে সমাগত হবে,

١٩. وَّفُتِحَتِ السَّمَآءُ فَكَانَتْ اَبْوَابًا ۙ

১৯. আকাশ উন্মুক্ত করা হবে, ফলে তা হবে বহু দরজাবিশিষ্ট

٢٠. وَّسُيِّرَتِ الْجِبَالُ فَكَانَتْ سَرَابًا ؕ

২০. এবং চলমান করা হবে পর্বতসমূহকে, ফলে সেগুলো হয়ে যাবে মরীচিকা।

٢١. اِنَّ جَهَنَّمَ كَانَتْ مِرْصَادًا ۙ

২১. নিশ্চয় জাহান্নাম ওঁৎ পেতে রয়েছে।

٢٢. لِّلطّٰغِيْنَ مَاٰبًا ۙ

২২. সীমালঙ্ঘনকারীদের প্রত্যাবর্তনস্থল।

٢٣. لّٰبِثِيْنَ فِيْهَآ اَحْقَابًا ۚ

২৩. সেখানে তারা যুগ যুগ ধরে অবস্থান করবে।

٢٤. لَا يَذُوْقُوْنَ فِيْهَا بَرْدًا وَّلَا شَرَابًا ۙ

২৪. সেথায় তারা আস্বাদন করবে না কোন ঠাণ্ডা পানীয়-

www.pathagar.com

٢٥. اِلَّا حَمِيْمًا وَّغَسَّاقًا ۝

২৫. ফুটন্ত পানি ও পুঁজ ব্যতীত;

٢٦. جَزَآءً وِّفَاقًا.

২৬. এটিই উপযুক্ত প্রতিফল।

٢٧. اِنَّهُمْ كَانُوْا لَا يَرْجُوْنَ حِسَابًا ۝

২৭. তারা কখনও হিসাবের আশা করতো না।

٢٨. وَّكَذَّبُوْا بِاٰيٰتِنَا كِذَّابًا ۝

২৮. এবং তারা দৃঢ়তার সাথে আমার নিদর্শনাবলী অস্বীকার করেছিল।

٢٩. وَكُلَّ شَيْءٍ اَحْصَيْنٰهُ كِتٰبًا ۝

২৯. বস্তুত সব কিছুই আমি সংরক্ষণ করেছি লিখিতভাবে।

٣٠. فَذُوْقُوْا فَلَنْ نَّزِيْدَكُمْ اِلَّا عَذَابًا ۝

৩০. অতএব তোমরা আস্বাদ গ্রহণ করো, আমি তো শুধু তোমাদের শাস্তিই বৃদ্ধি করবো।

٣١. اِنَّ لِلْمُتَّقِيْنَ مَفَازًا ۝

৩১. মুত্তাকীদের জন্য রয়েছে নিশ্চিত সাফল্য।

٣٢. حَدَآئِقَ وَاَعْنَابًا ۝

৩২. উদ্যান ও আঙুর।

٣٣. وَّكَوَاعِبَ اَتْرَابًا ۝

৩৩. সমবয়স্কা পূর্ণ যৌবনা তরুণী।

www.pathagar.com

٣٤. وَّكَاْسًا دِهَاقًا ﴿٣٤﴾

৩৪. এবং পূর্ণ পানপাত্র।

٣٥. لَا يَسْمَعُوْنَ فِيْهَا لَغْوًا وَّلَا كِذّٰبًا ﴿٣٥﴾

৩৫. সেথায় তারা শুনবে না অসার ও মিথ্যা বাক্য;

٣٦. جَزَآءً مِّنْ رَّبِّكَ عَطَآءً حِسَابًا ﴿٣٦﴾

৩৬. এটি পুরস্কার, যথোচিত দান তোমার প্রতিপালকের পক্ষ থেকে,

٣٧. رَّبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا الرَّحْمٰنِ
لَا يَمْلِكُوْنَ مِنْهُ خِطَابًا ﴿٣٧﴾

৩৭. যিনি প্রতিপালক আকাশমণ্ডলী, পৃথিবী ও এতদুভয়ের মধ্যবর্তী সমস্ত কিছুর, যিনি দয়াময়, তাঁর কাছে আবেদন-নিবেদনের শক্তি তাদের থাকবে না।

٣٨. يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ وَالْمَلٰٓئِكَةُ صَفًّا ۙ
لَّا يَتَكَلَّمُوْنَ اِلَّا مَنْ اَذِنَ لَهُ الرَّحْمٰنُ
وَقَالَ صَوَابًا.

৩৮. সেদিন রূহ ও ফিরিশতাগণ সারিবদ্ধভাবে দাঁড়াবে; দয়াময় যাকে অনুমতি দেবেন সে ছাড়া অন্যেরা কথা বলবে না এবং সে যথার্থ বলবে।

www.pathagar.com

٣٩. ذٰلِكَ الْيَوْمُ الْحَقُّ ج فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ مَاٰبًا.

৩৯. এ দিবস সুনিশ্চিত; অতএব যার ইচ্ছা সে তার প্রতিপালকের শরণাপন্ন হোক।

٤٠. اِنَّآ اَنْذَرْنٰكُمْ عَذَابًا قَرِيْبًا ج يَّوْمَ يَنْظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدٰهُ وَيَقُوْلُ الْكٰفِرُ يٰلَيْتَنِىْ كُنْتُ تُرٰبًا ۝

৪০. আমি তোমাদের আসন্ন শাস্তি সম্পর্কে সতর্ক করলাম; সেদিন মানুষ তার কৃতকর্ম প্রত্যক্ষ করবে এবং কাফের বলবে, 'হায়, আমি যদি মাটি হতাম।'

www.pathagar.com

আহসান পাবলিকেশন
কাটাবন বাংলাবাজার মগবাজার
www: ahsanpublication.com

www.pathagar.com